contents

তাবলীগের প্রশ্ন-উত্তর



-এস এম সলেহীন

মহান কুরআন ও হাদীসের আলোকে তাবলীগী মেহনাতের প্রশ্নের উত্তর

এস, এম, সালেহীন

www.eelm.weebly.com

উদ্যোক্তা	ঃ	জনাব ইঞ্জিনিয়ার সালাহ্ উদ্দীন মেঘনা সিমেন্ট মিলস্ লিঃ মংলা, বাগেরহাট।
প্রকাশনায়	ঃ	ইসলামী গবেষণাগার, আল জামেয়াতুল আরাবীয়া মাজিদুল উলূম দিগরাজ, মংলা, বাগেরহাট।
বিশুদ্ধায়নে	ঃ	শায়খুল হাদীস, হযরত মাওলানা আল্লামা শওকত্ আলী সাহেব (মাদ্দা.) খুলনা।
প্রাপ্তি স্থান	ঃ	এম. এম. রফিকুল ইসলাম (এম. এ. ইং) আল জামেয়াতুল আরাবীয়া মাজিদুল উলুম দিগরাজ, মংলা, বাগেরহাট। ০১৭২-৯৪০০৪৩
কম্পোজ	ঃ	সালমান ফিদা **কলম** একটি রুচিশীল অনুবাদ রচনা প্রকাশনা প্রতিষ্ঠান মোবাইলঃ ০১৭২- ৬৯৫৮২৮
শুভেচ্ছা মূল্য	ঃ	৪০ (চল্লিশ) টাকা

MOHAN QURAN O HADISER ALOKEA
TABLIGI MEHNATER PROSNER UTTAR.
By Profr. S.M. Salehin
First Published- February 2004
2nd Published July--2004

www.eelm.weebly.com

يَاَيُّهَا الرَّسُوْلُ بَلِّغْ مَآ اُنْزِلَ اِلَيْكَ مِن الربّكَ – المائدة ٦٧

অর্থ ঃ ''হে রাসূল তাবলীগ কর, যা তোমার প্রভুর পক্ষ থেকে তোমার কাছে নাজিল করা হয়েছে তার।''- সূরা মায়িদাহ্ , আঃ ৬৭

عَنْ قَائِسٍ سَمِعْتُ جَرِيْرًا يَقُوْلُ بَايَعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَىٰ شَهَادَةِ اَنْ لَا اِلٰهَ اللهُ وَاَنَّ مُحَمَّدًا رَسُوْلُ اللهِ وَاِقَامِ الصَّلٰوةِ وَاِيْتَاءِ الزَّكٰوةِ وَالسَّمْعِ وَالطَّاعَةِ وَالنُّصْحِ لِكُلِّ مُسْلِم – بُخَارِى – ص ٢٨٩

অর্থঃ আমি আল্লাহর রাসূলের (দঃ) কাছে শফথ পড়েছি, কালেমার ওপর সাক্ষ্য দেবার জন্যে, নামাজ কায়েম করার জন্যে, যাকাত আদায় করার জন্যে, শোনা ও মানার জন্যে এবং সমস্ত মুসলমানের কাছে তাবলীগ করার জন্যে ।

-বুখারী, পৃঃ ২৮৯

ভূমিকা

বিচিত্রময় এ বিশ্ব-চরাচরের সৃষ্টবস্তু যেমন বিচিত্র, সৃষ্টি কৌশলও তেমন বিচিত্র, বিচিত্র তেমন সৃষ্টিতত্ত্বও. অবাক বিস্ময়ে তাই আশ্চর্য বিস্মিত! তিনি শুধু সৃজনেই স্রষ্টা নন; বিজনেও। এ মহা বৈকুণ্ঠের সেরা বৈচিত্রের মাঝে তাই জেগে ওঠে বিচিত্রময় প্রশ্নচর। এ জাগরণ প্রতিকূলতার নয়; প্রতিভার উদগীরণ, এ জাগরণ প্রতিহিংসার নয়; বুদ্ধির বিকিরণ। এ, জ্ঞান সাগরের চরোদ্ভাবন । প্রাকৃতিক এ, এ স্বাভাবিক ! এ জাগরণ স্বাভাবিক হলেও বোধন সঠিক হওয়া বিধেয় নয় কি ? এ বইখানা সেই সঠিক বোধন-এরই যৌগিক উপকরণ, তাত্বিক ও তাথ্যিক বিবরণ, হাদীস ও কুরআন -কেন্দ্রিক সংকলন। - এতে প্রধাণত ঃ দুটো বিষয় পাবেন ঃ

১। তাবলীগ জামায়াত সম্পর্কিত বিভিন্ন প্রশ্নাবলীর শরয়ী জবাব।

২। রাসূল (দঃ) কর্তৃক মাক্কী ও মাদানী জিন্দেগীতে প্রেরিত তাবলীগ জামায়াতের তালিকাঃ আমীর ও মামুরের নাম, তারিখ, রোখ ও দলীলাদিসহ। লেখনীর জগতে এ তালিকা নব সৃষ্টি ও নব প্রজন্মের নব শক্তি।

শক্তি ২ প্রকার ঃ

এক-মৌলিক শক্তি

দুই-শাখ্যিক / বাহ্যিক শক্তি।

মহান আল্লাহ তায়ালা মূল শক্তিকে নিজ হাতে রেখেছেন, আর শাখা শক্তিকে মানুষের হাতে দিয়েছেন। মানুষ এ শক্তি প্রয়োগ করে, তাই কর্ম সম্পন্ন হয়। তাই মনে হয় মানুষই কর্তা। মূলতঃ, তিনিই সকল কাজের সুপ্ত সম্পাদক। নিজেকে-আড়ালে রেখে সব কিছুই করে থাকেন, করে থাকেন নিয়ন্ত্রণ ও পরিচালন। এ কথাটাই কবির ভাষায় বলা যায় ঃ

"সীমার মাঝে অসীম তুমি
বাজাও আপন সূর,
আমার মাঝে তোমার প্রকাশ
তাই এ্যাতো সুমধুর ।"

একমাত্র অসীম শক্তি ধর আল্লাহ ও তাঁর কুরআনই মৌলিক শক্তি। বাকী সমস্তই সৃষ্ট বস্তুর ,সৃষ্ট শক্তি, যা শাখাগত শক্তির অন্তর্ভূক্ত। যেমন ঃ অর্থ-শক্তি, অস্ত্র-শক্তি, জনশক্তি, রাষ্ট্র-শক্তি, বৈদ্যুতিক শক্তি, বৈজ্ঞানিক শক্তি প্রভৃতি । শুধু মৌলিক শক্তির বিশ্বাসকে খাঁটি ঈমান বলা হয়। এ ঈমানের সাথেই আল্লাহর মাদদ্ থাকে। আর শাখ্যিক শক্তির বিশ্বাসকে শির্ক বলা হয়। এমন ঈমানদারের ওপরই আল্লাহর গজব আসে। এই খাঁটি ঈমান অর্জনের জন্যে ২টো কাজ করতে হয় ঃ

১। ঈমান গ্রহণ করতে হয়, তা জন্মগত হোক / অর্জনগত হোক।

২। ঈমানের প্রাকটিজ্ বা মেহনাত করতে হয়।

ঈমানের প্রাকটিজ্ ৫ ভাবে করা যায় ঃ

১) হিজরত করা।

২) আপ্রাণ সাধনা করা।

৩) আল্লাহর রাস্তায় বের হওয়া।

৪) আগুন্তক জামাতকে আশ্রয় দেয়া।

৫) নূসরাত /- সাহায্য সহযোগীতা করা।

--- এ ৫ ভাবে ঈমানের প্রাকটিজ্ / অনুশীলন / মেহনাত করলে আল্লাহপাক মুসলমানের ঈমানকে খাঁটি করে দেবেন। সমস্ত নবীগনই এ খাঁটি ঈমানের জন্যেই তাবলীগ করতেন। তাঁদের তাবলীগের মূল বৈশিষ্ট ছিল ২ টো ঃ

১। বিনা বিনিময়ে দাওয়াত দেয়া।

২। খোদামূখী দাওয়াত দেয়া।

এ দুটো বৈশিষ্ট যে দাওয়াতী প্রগ্রামে থাকবে সেই দাওয়াতী কাজই নবুয়াতী দাওয়াত হবে; অন্যথায়, দাওয়াতী কাজ হতে পারে কিন্তু নবুয়াতী কাজ হতে পারে না।

দাওয়াতী পদ্ধতির এ বিভিন্নতাও বিভিন্ন প্রশ্নের উৎস। বলা বাহুল্য, এই মহান দাওয়াত নিয়ে তামাম জাহানে হুজুর (সঃ) -এঁর উম্মতের মধ্যে বিভিন্ন মতবিরোধ। সমাধানের জন্যে ক্বোরআন ও হাদীসের দলীল চেয়ে হন্যে হয়ে পড়েছিলাম বিজ্ঞ ওলামা হযরতগনের কাছে। শেষ পর্যন্ত আমার সেই আশা পূরণ হয় হযরত মাওলানা ছালেহীন সাহেবের মাধ্যমে। কোন দল বা ব্যক্তি বিশেষের সমাচলানার উর্দ্ধে থেকে তিনি কোরআন ও হাদীসের আলোকে সমাধান দিয়েছেন। সম্মানিত পাঠকবর্গ একমাত্র জানা ও মানার নিয়তে পড়ে থাকলে খাঁটি ঈমান গঠনে সহায়তা হবে ইনশাআল্লাহ। আল্লাহ তায়ালা আমাদের সকলকে দ্বীন বুঝে আমল করার তাওফিক দান করেন, সাথে সাথে কিতাবের রচনাকারী হযরত মাওলানা সাহেবকে জাযায়ে খায়ের দান করেন।

বিনীত

(জনাব ইঞ্জিনীয়ার) সালাহউদ্দীন,

মংলা, বাগেরহাট।

শায়খুল হাদীস হযরাত হুসাইন আহম্মাদ মাদানী (রঃ) এঁর খাস শাগরীদ,
দারুল উলূম খুলনার সুযোগ্য মুহতামীম ও শায়খুল হাদীস -

হযরত মাওলানা মাহ্মুদুর রহমান সাহেব

ও

নায়েবে মুহতামীম, মুহাদ্দিস **রফিকুর রহমান সাহেব** এঁর যুক্ত

অভিমত

বর্তমান বিশ্বের ৭টা মহাদেশেই তাবলীগ বিস্তারলাভ করেছে এবং সকল দেশের ওলামায়ে রাসেখীন স্বীকৃতি দিয়েছেন তবুও এ ব্যাপারে বহু প্রশ্নের অবকাশ থাকে -- বিভিন্ন কারণে। ইলমের অভাব তার অন্যতম কারণ। - এ কিতাবে তারই দলীল ভিত্তিক জবাব দেয়া হয়েছে, যা সর্বশ্রেণীর, বিশেষতঃ তাবলীগে নব আগন্তুকগণের জানার জন্যে বিশেষ উপাদেয় হবে। আল্লাহতায়ালা কবুল করুণ।

১৫/১২/০৩
মুহতামিম দারুল উলুম
মাদ্রাসা খুলনা।

ইফতা বিভাগের প্রধান, দারুল উলুম খুলনা ও খুলনার গ্রাণ্ড **মুফ্তী গোলাম রহমান** সাহেবের মতামত ঃ

বাদ সালামে মাছনুন -
আমি মাওলানা মুশফিকুছ ছালেহীন সাহেবের লিখিত বক্ষমান কিতাবের কিয়দাংশ দেখেছি এবং ভাল লেগেছে দলিল প্রমাণ সমৃদ্ধ। আজমের উলামা ছুলাহা মিলে যে কাজটি শুধু অনুমোদনদেননি বরং নিজেরা এ মহান দাওয়াতের কাজে জান-মাল ব্যয়ও করছেন সেখানে প্রশ্নতো প্রশ্নই এবং এ ছাড়া আর কিছু নয়, যে আমি যেটা করিনা সেটা তেমন কোন কাজ না। বাকী কথার জবাব দাওয়াত ওয়ালারা কাজ দিয়ে করে। এটাই আসল জবাব। আল্লাহপাক আমাদের সু-বুঝ দান করুণ।

দোয়াপ্রার্থী

২০/১০/১৪০৪হিঃ

এতে পাবেন

১। নবীজী (সঃ) কাফেরদেরকে দাওয়াত দিতেন। এখন, মুসলমানদেরকে দাওয়াত দেয়া বৈধ?– না বিদয়াত? ৯

২ চিল্লা কোথায় পেলেন?– দলীল আছে কি?.....১২

৩। বুখারী শরীফের হাদীস মোতাবেক হিজরাত বন্ধ হওয়া সত্ত্বেও হিজরত করা জায়েজ? অথচ, তাবলীগী ভাইরা হিজরাত করে থাকেন, তার বয়ানও করেন!..১৫

৪ পরিবার-পরিজন ফেলে তাবলীগে যাওয়া যায়?.....১৬

৫। ৭ লক্ষ ও ৪৯ কোটি ছওয়াবের দলীল।.....১৭

৬। তাবলীগের পরিধি কতটুকু?.....১৯

৭। সারাবিশ্বের প্রচলিত তাবলীগ নববী তাবলীগ কি না?.....২০

৮। ইসলাম প্রতিষ্ঠিত করার উপায় কি?.....২২

৯। তাবলীগ ও তারীক্বাত (ছুলুক) উভয়ের মধ্যে পার্থক্য কোথায়?.....২৩

১০। তাবলীগ করলে প্রথম যুগের মুহাজির ও আনসারগণের সমান মর্যাদা পাওয়া যাবে।.....২৪

১১। জনগণ তাবলীগ করা ছেড়ে দেবে কখন?.....২৪

১২। দলচ্যুত হয়ে শাখা বা স্বতন্ত্র দল গঠন করা বৈধ কি?.....২৫

১৩। মসজিদে শোয়া, খাওয়া কি অপরাধ নয়?.....২৯

১৪। তাবলীগ সম্পর্কে মুফতী শফী (রঃ), ক্বারী তৈয়ব সাহেব (রঃ) ও হযরত থানভী (রঃ) এর মহান বাণী।.....৩০

১৫। 'জিহাদ' এর সঠিক অর্থ ও উদ্দেশ্য কি?.....৩১

১৬। শুধু তাবলীগ ক'রে নাজাত পাওয়া যাবে কি?- রাজনীতি না করেও।.....৩৪

১৭। কুরআনে তাবলীগ ও রাষ্ট্রীয় ক্ষমতা অর্জন করার প্রত্যক্ষ আদেশ আছে কি? .৩৭

১৮। কুরআনের তাফসীরী মজলিসে না বসা কুরআনের প্রতি অবজ্ঞা নয় কি?.....৩৮

১৯। আক্বীদার খিলাফ অথবা বাতিল পন্থীদের বই পুস্তক পড়া জায়েজ আছে কি? .৩৯

২০। সূরায়ে ফাতিহা কুরআনের অন্তর্ভুত না বহির্ভূত?.....৩৯

২১। আমরা কোন দলে যোগ দেবো?.....৪১

২২। ৫ কাজ বিদয়াত? না শরীয়াত!.....৪১

২৩। তাবলীগের ক্রমবিকাশ।.....৪৩

২৪। হযরত মুহাম্মদ (সাঃ) কর্তৃক প্রেরীত মক্কী ও মাদানী জিন্দেগীতে প্রেরিত তাবলীগ জামাআতের তালিকা।.....৫০

২৫। নবীজির (দঃ) এঁর প্রেরিত পত্র।.....৮৪

২৬। তথ্য-নির্দেশিকা।.....৮৫

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

প্রশ্ন নং- ১

নবীজী (দঃ) কাফেরদেরকে দাওয়াত দিতেন আর তাবলীগী ভাইরা মুমিন-মুসলমানদের দাওয়াত দেয় কেন?

-- এটা বৈধ, না বিদআত? নবীজী তো মুসলমানদের কাছে কখনও জামাত পাঠাননি!

উত্তর ঃ মুসলমানগনকে দাওয়াত দেয়া শুধু বৈধ নয়, আদেশও। এ আদেশ কুরআনে রয়েছে, হাদীসে রয়েছে, ইতিহাসে রয়েছে, রয়েছে রাসূলের (সঃ) বাস্তব জীবনের আমলেও। সব আছে, নেই শুধু জানা। না জানা -- না থাকার প্রমাণ নয়। নিচে ৪টে ইতিহাস, ৫টা হাদীস ও ৩ টে আয়াত প্রমাণ স্বরুপ পেশ করা হচ্ছে ঃ

ইতিহাস ভিত্তিক দলীল ঃ

ক) স্বয়ং রাসূল (সঃ) কাররা, সিরিয়া ও ইয়েমেন প্রদেশের বিভিন্ন এলাকায় এবং আমর, আবদে কায়স ও বনু হারিছ গোত্রের মুমিন-মুসলমানদের কাছেই তাবলীগ ও তালিমের জন্যেই অনেক জামাত পাঠিয়েছিলেন।[১]

খ) ফুতুহুল্ কাদির ঘোষনা দিচ্ছেঃ সাহাবা কিরাম (রাঃ) তাবলীগের উদ্দেশ্যে কুফা ও কারকীসিয়া সফর করেছেন। হযরত ওমর, হযরত সাকিল বিন ইয়াসার ও হযরত আব্দুল্লাহ বিন মুগাফফাল (রাঃ) প্রমুখের এক জামাত সিরিয়া প্রেরিত হয়েছিল। এসব জামাত মুসলমানদের উদ্দেশ্যেই প্রেরিত হয়েছিল।[২]

গ) কায়স ইবনে আসিমের (রাঃ) আমীরত্বে তামীমের বিভিন্ন মুসলিম গোত্রেই তাবলীগের উদ্দেশ্যে ৯ম হিজরী /৬৩১ খ্রিঃ ১২ জনের এক জামাত বের হয়েছিল। [২ক]

ঘ) রাসুলুল্লাহ (সাঃ) আব্দুল্লাহ বিন তারিকের নেতৃত্বে আযল ও ক্বাররা গোত্রের মুসলমানদের কাছেই ৬২৫ খৃঃ ৬ জনের এক জামাত পাঠান। তাঁরা হচ্ছেন ঃ

হযরত মারছাদ, আসিম, হাবিব, খালিদ, জায়দ (রাঃ হুম) ও আবদুল্লাহ ইস্তিয়াবের ইবারাত দেখুন ঃ

قَدْ بَعَثَ رَسُوْلُ اللهِ ص لِىْ عَضْلٍ وَقَارَةَ مَرْثَدَبْنُ اَبِىْ مَرْثَدٍ، عَاصِمِ بْنُ ثَابِتٍ ، حَبِيْبِ بْنُ عَدِىٍّ ، خَالِدِ بْنُ الْبُكَيْرِ، زَيْدِبْنُ دَثِنَةَ، عَبْدُاللهِ بْنُ طَارِقٍ لِيَتَفَقَّهُوْا فِى الدِّيْنِ وَيُعَلِّمُهُمُ الْقُرْآنَ وَشَرَائِعِ الْاِسْلَامِ- اَلْاِسْتِيْعَابُ لِاِبْنِ الْبِرِّ مَعَ الْاِصَابَهِ ج٢ صـــ٣٠٥

www.eelm.weebly.com

হাদীস ভিত্তিক দলীল ঃ

ক) আবদে কায়সের মুসলিম-প্রতিনিধি দলকে নবীজী (সঃ) দাওয়াত দিয়ে তাঁদেরকেও দাওয়াত দেবার আদেশ দিয়ে বলেনঃ এ কথাগুলো মুখস্থ করে নেও এবং নিজের বংশাবলীর কাছে পৌঁছে দেবে অর্থাৎ দাওয়াত দেবে।[৩] উল্লেখ্য যে নিজের বংশাবলী'র মধ্যে মুসলমান ছিল।

وَقَدْ عَبْدُ الْقَيْسِ عَلٰى اَنْ يَّحْفَظُوْا الْاِيْمَانَ وَالْعِلْمَ وَيُخْبِرُوْا مِنْ وَّرَائِهِمْ- بُخَارِىْ-

খ) হযরত আযিম বিন ওমর (রাঃ) থেকে বর্ণিত হচ্ছে ঃ নবী করিম (দঃ) আমল ও কাররা গোত্রের মুসলমানদের কাছে ৬ জনের একটা জামায়াত পাঠিয়েছিলেন।[৪]

গ) নবীজী (দঃ) হযরত মুয়াজ ও আবু মুসা (রাঃ) কে ইয়ামানের মুমিনদের কাছেই পাঠিয়েছিলেন।[৫]

ঘ) عَنْ جَرِيْرِ ابْنِ عَبْدِ اللهِ قَالَ بَايَعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلٰى اِقَامِ الصَّلَاةِ وَاِيْتَاءِ الزَّكَوَاةِ وَ النُّصْحِ لِكُلِّ مُسْلِمٍ حَيَاةُ الصَّحَابَه-[৬]

অর্থাৎ: রাসূল (দঃ) হযরত জারীর ইবনে আব্দিল্লাহ (রাঃ) কে ৩টে কাজ করার জন্যে শপথ পড়িয়েছিলেন। ১) নামাজ কায়েম করা ২) যাকাত আদায় করা ও ৩) দুনিয়ার সমস্ত মুসলমানদের কাছে তাবলীগ করা।[৬]

ঙ) বুখারীর হাদিসে দুনিয়ার সমস্ত মুসলমানের কাছে তাবলীগ করার আদেশ আছে। দেখুন-

عَنْ قَيْسٍ سَمِعْتُ جَرِيْرًا يَقُوْلُ بَايَعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلٰى شَهَادَةِ اَنْ لَّا اِلٰهَ اِلَّا اللهُ وَاَنَّ مُحَمَّدًا رَسُوْلُ اللهِ وَاِقَامِ الصَّلٰوةِ وَاِيْتَاءِ الزَّكَوَاةِ وَاسَّمْعِ وَالطَّاعَةِ وَالنُّصْحِ لِكُلِّ مُسْلِمٍ ص ٢٨٩

অর্থাৎ আমি আল্লাহর রাসূলের (দঃ) কাছে শপথ পড়েছি কালেমায়ে শাহাদাতের ওপর সাক্ষ্য দেয়ার জন্যে, নামাজ কায়েম করার জন্যে, যাকাত আদায়ের জন্যে, শোনা ও মানার জন্যে এবং সমস্ত মুসলমানের কাছে তাবলীগ[ঋ] করার জন্যে।[৬গ]

www.eelm.weebly.com

এ ছাড়াও পাবেনঃ চ) নাসায়ী শরীফের ২ খন্ডের ১৬১ ও ৬৩ ছ) মুসলীম শরীফের ২য় খন্ডের ১৩০-৩১ পৃষ্ঠায়।

কুরআনিক দলীল ঃ ذَكِّرْ فَإِنَّ الذِّكْرَىٰ تَنفَعُ الْمُؤْمِنِينَ

অর্থাৎ- দাওয়াত দিতে থাকো, কেননা, দাওয়াত মুমিনদের উপকারে আসবে।[৭]

উক্ত হাদীসে 'মুসলমানগণ' ও আয়াতে 'মোমেনগন' শব্দ ব্যবহার ক'রে -এ আয়াতে আল্লাহপাক বিশেষ করে মুমিন- মুসলমাণদেরকে দ্বীন বুঝিয়ে দাওয়াত দেবার আদেশ দিয়েছেন।[৮]

অন্যত্রঃ يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا آمِنُوا بِاللَّهِ وَرَسُولِهِ ۰ النسأ ٣٥

অর্থাৎ - হে ঈমানদার বান্দাগণ তোমরা ঈমান আনো। -এ আয়াতে আল্লাহপাক ঈমানদেরগনকেই সম্মোধন করে ঈমানের দাওয়াত দিয়েছেন আরও তাজা/ নবায়ন করার নবোদ্দেশ্যে। কারণ, তিনি চান নির্ভেজাল, খাঁটি ও তাজা ঈমান।[৮খ]

قُل لَّمْ تُؤْمِنُوا وَلَٰكِن قُولُوا أَسْلَمْنَا

الحجرات وَإِن تُطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ لَا يَلِتْكُم مِّنْ أَعْمَالِكُمْ شَيْئًا ۰ الحجرات ١٤

অর্থাৎ- তোমরা ঈমানদার নও, কিন্তু মুসলমান। যদি তোমরা আল্লাহ ও তার রাসূলের (দঃ) আনুগত্য কর তবে তোমাদের বিন্দুমাত্র আমলও নষ্ট করা হবে না।

এখানেও আল্লাহ তায়ালা মাসজিদে নববীতে নবীর পেছনে নামাজ সম্পাদনকারী মুসলমানগণকেই ঈমানের ও আমলের দাওয়াত দিয়েছেন। দাওয়াত দেবার আদেশও দিয়েছেন, দিয়েছেন ক্ষমাও। এ আয়াত থেকে জানা যায়, রাসূলের (দঃ) জামানায় ঈমানহীন মুসলমানও ছিল। নবীর যুগে ৫ শ্রেণীর মানুষ ছিল, আজও আছেঃ

ক) খাঁটি মুসলমান

খ) খাঁটি কাফের

গ) পাপী মুসলমান

ঘ) মোনাফেক মুসলমান

ঙ) ঈমানহীন মুসলমান।

আহ! আমি কোন্ দলভূক্ত ----------?

উক্ত ইতিহাস, হাদীস, কুরআন ও নবীর বাস্তব জীবনের কর্মপন্থা এবং মুসলানদের ঈমানী অবস্থা তাদের দাওয়াতের নসভিত্তিক সুস্পষ্ট প্রমাণ দিচ্ছে। -না দেওয়া কুরআন হাদীছ বিরোধী।

অতএব, মুসলমানদের দাওয়াত দেয়া বিদ্আত নয়; বিধান।

২ নং প্রশ্নঃ

চিল্লা কোথায় পেলেন। ৪০ ৬ মাস, সাল ও ৩ দিন ইত্যাদির শয়রী দলীল আছে কি?

উত্তরঃ হ্যাঁ, আছে।

তবে শরয়ী দলীল জানার আগে -জানতে হবে দলীল উদ্ভাবনের উপায়/ সূত্র। কেননা, সূত্র জ্ঞানের অভাবও -এ সমস্ত উদ্ভট প্রশ্নের উদ্ভাবক।

কুরআন থেকে দলীল/ প্রমাণ উদ্ভাবনের মূলসূত্র ৪টে ঃ[৯]

১। কুরআনিক শব্দের বা বাক্যের শুধুমাত্র আভিধানিক অর্থ থেকে।

২। কুরআনিক শব্দের ব্যবহার ভেদে।

৩। কুরআনিক শব্দের নির্দেশনা থেকে।

৪। কুরআনিক শব্দের উদ্দেশ্য থেকে।

চিল্লার দলীল পাবেন ১ম নাম্বার থেকেঃ

وَوٰعَدْنَا مُوسٰى ثَلٰثِيْنَ لَيْلَةً وَّاَتْمَمْنٰهَا بِعَشْرٍ فَتَمَّ مِيْقَاتُ رَبِّهٖٓ اَرْبَعِيْنَ لَيْلَةً ج الأعراف – اية ١٤٢

অর্থঃ আর আমি মুসাকে ওয়াদা দিয়েছি ৩০ রাতের এবং পূর্ণ করেছি আরও ১০ দ্বারা, বস্তুতঃ এভাবে ৪০ রাতের মেয়াদ পূর্ণ হয়ে গেছে।[১০]

উক্ত আয়াতে চিল্লার (৪০ দিন) শেষে ঘর ছেড়ে তুর পাহাড়ে হিজরাতের মাধ্যমে তওরাত দিয়েছেন। সুতরাং, চিল্লার শিক্ষক ও উদ্ভাবক স্বয়ং আল্লাহ নয় কি?

এছাড়াও রাসূলের (দঃ) অনেক হাদীস দিচ্ছে এর প্রমাণ। যেমন- চিল্লার তাকবীরে উলার হাদীস। উদর- শিশুর, প্রতি চিল্লায় পরিবর্তনের হাদীস। মায়ের পেটে যেমন ৩ চিল্লার পর শিশু প্রাণ পায় তেমন চিল্লারপেটে গণজীবন ঈমানীপ্রাণ পায়। দুনিয়ায় চিল্লা দিলে আখেরাতে আর চিল্লা-পাল্লা করতে হবে না। সুতরাং, চিল্লার মাঝে শুনি ঈমানের ধ্বনি। চিল্লার মাঝে পাই শান্তির বাণী।

www.eelm.weebly.com

৪ ও ৬মাসের দলীলঃ

হযরত বরা (রাঃ) বলেন যে, রাসুল (সঃ) ইয়ামান প্রদেশে তাবলীগের উদ্দেশ্যে হযরত খালিদ ইবনে ওয়ালিদ (রাঃ)-কে পাঠান। আমিও তাঁদের সাথে ছিলাম। আমরা দীর্ঘ ৬ মাস যাবত সেখানে দাওয়াতে তাবলীগের কাজ অনবরত ক'রে চলেছি। এরপর হযরত আলী (রাঃ)-কে আমীরের দায়িত্ব দিয়ে খালিদ (রাঃ) কে ফিরে যেতে বলেন এবং তাঁর সাথে যারা ফিরতে চায় তারা ফিরতে পারে আর যারা যেতে চায় তারা যেতে পারে। আমি হযরত আলী (রাঃ) এঁর সাথে আরো সময় বাড়িয়ে দিলাম।

আমরা ইয়ামানের হামাদান গোত্রের দ্বারে দ্বারে বারে বারে গমন ক'রে ক'রে সকলকেই হাজির করলাম। হযরত আলী (রাঃ) নবী (সঃ) এর পত্র পড়ে তাঁদেরকে দাওয়াত দিলেন ও সবাই একই সাথে ইসলাম কবুল করে নিলেন। --ফিরে এলেন ৪ মাস পর, বিদায় হাজ্জের পরে। উভয়ের আমীরত্বে প্রায় ১ বছর হচ্ছে।[১১]

- এ হাদীসের সারাংশের দ্বারায় খালেদের ছয় মাস, আলীর ৪ মাস ও তারো চেয়ে বেশী সময় তাবলীগী সফর করার প্রমাণ মিলেছে। সাহাবাগনের ৩ দিন, ১০ দিন, ১৫ দিন, ৪০ দিন, ৬০ দিন, ৪ মাস, ৬ মাস, ২/৫ বছর, ২৭ বছর, এমনকি গোটা জীবনটাই পৃথিবীর প্রান্তর থেকে প্রান্তরে তাবলীগে কাটাবার প্রমাণ অসংখ্য ইতিহাস গ্রন্থ স্বর্ণাক্ষরে লিখে রেখেছে।[১২]

তার কয়েকটা মাত্র নমুনা দেয়া হলোঃ-

প্রাচীণ ও পৃথিবী প্রসিদ্ধ আরবী ইতিহাসঃ

১। 'ইবনে সায়াদ' রচিত 'তাবাক্বাত' গ্রন্থের ২য় খন্ডের ৫১-৫৪ পৃষ্ঠায় ৭ দিন ও ১৫ দিনের জামাতের কথা লেখা আছে।

আমীরঃ স্বয়ং রাসুলে আকরাম (সঃ)। ৪র্থ হিজরীর সফর মাসে/৬২৫ খৃঃ জুলাই থেকে ৬২৭ খৃঃ সেপ্টেম্বর মাসে এ জামাত রওনা দেয়। রোকঃ সুলায়ম গোত্র, মদিনা শরীফ।

২। 'ওয়াকীদী ও ইবনে ইসহাক' (রাঃ) যথাক্রমে ৭ ও ৩ দিনের কথা- উল্লেখ করেছেন ।

৩। 'ইবনে সায়াদের ২য় খন্ডের ৩৫-৩৬ পৃষ্ঠায় ৬০ দিনের তাবলীগী জামাতের কথা অবশ্যই পাবেন।

৪। 'তাবারী'/ 'আখবারুর রুসূল ওয়াল মুলুক' গ্রন্থকার ইমাম আবু জাফর (রাঃ) ৬০ দিনের জামাতের কথা লিখেছেন।

৫। 'ইবনে ইসহাক' নামক ইতিহাসেও তা উদ্বৃত হয়েছে। আমীরঃ স্বয়ং আল্লাহর রাসূল (সঃ)। ৩য় হিজরীর জামাদিউল আউয়াল মাসে অর্থাৎ ৬২৪ খৃঃ অক্টোবর/ নভেম্বার মাসে - এ জামাত রওনা হয়।

www.eelm.weebly.com

রোকঃ আলফুর থেকে বাহরাইন পর্যন্ত এ বিস্তীর্ণ এলাকা তাবলীগের কাজ করতে করতে এগিয়ে যেতেন, ঠিক এ যুগের সালের বা পয়দল জামাতের মতই।

৬০দিনের ব্যাপারে সকল ইতিহাসবেত্তাই সমমত ব্যক্ত করেছেন। কিন্তু মতভেদ স্বয়ং রাসূলের (সঃ) উপস্থিতি নিয়ে। কেউ বলেন ৬০ দিন, কেউ ১০ দিন।

'তাবারী' ও 'ইবনে ইসহাকের' মতে ৬০ দিন ছিলেন। আর বালাজুরী, ওয়াকিদী ও ইবনে সায়াদের মতে ১০দিন। -এ থেকে১০ দিনের দলীলও বের হয় না কি? মূল কথা দিন নয়; দ্বীন।

বড় কথা - সময় নয়; দায়িত্বোদয়! এহৃদয় আকাশে নবীর (সঃ) দেয়া দায়িত্ববোধ কতটুকু উদয় হয়েছে? তাঁর ফিকিরে ফিকিরমান্দ হতে পেরেছি কি? আমি ডাক্তার হয়েছি, আমি ব্যবসায়ী হয়েছি, আমি আলেম হয়েছি, -আমি মুসলমান হতে পেরেছি কি?

যাহোক, আল্লাহর রাসুল (সঃ) স্বয়ং ষাট দিনের তাবলীগী জামাতে বের হয়েছিলেন এ ব্যাপারে সকল ইতিহাসবেত্ত্যা একমত পোষণ করেছেন।

৬। 'তাবাক্বাত' গ্রন্থের ১ম খন্ডের ৩৩৩ ও ৩৪ পৃষ্ঠায় আছে, আমর বিন মুররাহ (রাঃ), ৬২৭ খৃঃ মদীনার পশ্চিম উপকূলীয় অঞ্চল জুহায়নাহ এলাকায় তাবলীগ করে ২১ এর উর্দ্ধ ব্যক্তিকে তাশকীল করে মদিনায় এনেছেন।

৭। ক) 'তাবারী' কিতাবের ৩য় খন্ডের ৩৪ পৃষ্ঠায় আছে, হযরত আবু কাতাদাহ্ (রাঃ) ৬২৯ খৃঃ ডিসেম্বরে (৮ম হিঃ/ সাবান) ১৫ জনের এক জামাত নিয়ে খাজিরাহ আলগাবাহ এলাকায় তাবলীগ করে গাতফান বংশের অধিকাংশ জনগনের এক বিরাট জামাত তাশকীল করে মদীনায় নিয়ে আসেন। সমভাষ্য দিচ্ছেন, 'ইবনে হিশাম' ২য় খন্ডের ৬২৯ পৃষ্ঠায়, ইবনে সায়াদ ১৩২ পৃষ্ঠায়।

খ) ঐ তাবারীর ৩য় খন্ডের ১২৬-২৮ পৃষ্ঠায় আরো পাবেন, হযরত খালিদ ইবনে ওয়ালিদ (রাঃ) ৬৩১ খৃঃ জুন মাসে/ ১০ম হিজরীর রবিউল আউয়াল মাসে ৪০০ জনের বিরাট জামাত সহ 'নাজরান' এলাকায় তাবলীগ করে বনু আ.মাদান-বনুহারিছ বংশের বহু মানুষকে নগদ উসূল ক'রে আনেন। - এ সফর ৬ মাসের।

তাবারীতে একথাও লেখা আছে যে, এ জামাত যুদ্ধের জন্যে প্রেরিত হয়নি, বরং শুধুমাত্র তাবলীগের জন্যেই প্রেরিত হয়েছিল।

গ) তাবারী আরো লিখেছেন যে, হযরত কায়াব (রাঃ) ৬২৯ খৃঃ জুলাই মাসে/ ৮ম হিজরীর রবিউল আউয়ালে ১৫ জনের জামাত নিয়ে 'যাতুলআত্লাহ' নামক স্থানে তাবলীগ করে কুযায়াহ্ গোত্র থেকে দু'জামাত প্রায় তাশকীল করেন।

ঘ) হযরাত আলী (রাঃ) ইয়ামানে ৮ জনের জামায়াত নিয়ে ৬৩১ খৃঃ ডিসেম্বারে ৪ মাসের জন্যে প্রেরিত হন। দেখুন, তাবারীর ৩য় খন্ডে, ১৩১-৩২ পৃষ্ঠায় ও বুখারীর ৬২৩ পৃষ্ঠায়।

www.eelm.weebly.com

প্রশ্ন নং-৩

বুখারী শরীফের হাদীস মোতাবেক হিজরাত বন্ধ হওয়া সত্ত্বেও তাবলীগী ভাইরা হিজরাত করেন ও তার বয়ানও করেন। এটা কি ঠিক?

উত্তরঃ এ ব্যাপারে বোখারীর দুটো হাদীস ও ৭টা আয়াত শুনুন। মিরক্বাতে হিজরতের সংজ্ঞা এভাবে দেয়া হয়েছেঃ দ্বীনের উদ্দেশ্যে কোনও দেশ ত্যাগ করাকে হিজরত বলে।[১৩]

হিজরত দু' প্রকারঃ ক) স্থায়ী হিজরাত খ) অস্থায়ী হিজরাত।

মক্কা বিজয়ের পর রাসূল (সঃ) অস্থায়ী হিজরত বন্ধ ঘোষনা করে গেছেন কিন্তু স্থায়ী হিজরত কিয়ামত পর্যন্ত চালু রাখার আদেশও দিয়ে গেছেন।

ক) بُخَارِىْ-لَا تَنْقَطِعُ الْهِجْرَةُ حَتّٰى تَنْقَطِعَ التَّوْبَةُ

অর্থাৎ যতদিন তওবার দ্বার বন্ধ হবে না, ততদিন হিজরত বন্ধ হবে না।[১৪]

অন্যত্র ঃ

খ) لَاهِجْرَةَ بَعْدَ الْفَتْحِ وَلٰكِنْ جِهَادٌ وَنِيَّةٌ وَتُنْفِرْتُمْ فَانْفِرُوا- بُخَارِىْ مَجَلَّدُ الْاَوَّلُ ٣٩٠

অর্থাৎ - মক্কা বিজিত হওয়ার পর মক্কা থেকে মদীনায় হিজরত অনাবশ্যক, কিন্তু দ্বীনের প্রচার-প্রচেষ্টার উদ্দেশ্যে যদি তোমরা বের হতে চাও তখনই বেরিয়ে পড়বে।[১৫]

এ বেরিয়ে পড়া তথা হিজরত করা কেবল বৈধ নয়, বাধ্যও। এ ব্যাপারে একটা ফাত্ওয়া আছে।

ফাত্ওয়াঃ যে শহর / দেশে কুফর / শিরক অথবা শরীয়াতের বিরুদ্ধাচারণ করতে বাধ্য করা হয় অথবা প্রকাশ্যে শরীয়াতের নির্দেশাবলী অমান্য করা হয় সেখান থেকে হিজরত করে চলে যাওয়া ওয়াজিব।

فتح البارى ، مسند احمد ، ابن كثير ، معارف القران ص ١٠٣٤

১. নাসায়ী শরীফে "মুসলমানের কাছে তাবলীগ করা" শিরোনামে একটা স্বতন্ত্র অধ্যায় রচিত হয়েছে। ২য় খন্ডের ১৬১ ও ৬৩ পৃষ্ঠায় সমমর্মের ৫টা হাদীস পাবেন।

www.eelm.weebly.com

২. সহীহ মুসলিম, ২য় খন্ডের ১৩০/৩১ পৃষ্ঠায় হিজরাতের স্বপক্ষে ৬টা হাদীছ পাবেন ইন্‌শাআল্লাহ্‌।

কুরআনিক প্রমাণ ঃ

১। সুরা নিসার ১০০ নম্বর আয়াত

২। সুরা নিসার ৯৫ নম্বর আয়াত

৩। সুরা আনফাল ৭৪ নম্বর আয়াত

৪। সুরা তওবা ২০ নম্বর আয়াত

৫। সুরা তওবার ২৪ নম্বর Buতা

"وَالَّذِيْنَ هَاجَرُوْا فِى اللهِ" عَامٌّ فِى الْمُهَاجِرِيْنَ كَائِنًا مَا كانوا فَيَشْمَلُ اَوَّلَهُمْ وأخِرَهُمْ

অর্থাৎ - যারা আল্লাহর জন্যে হিজরত করেছে। —

আয়াতটি বিশ্বের সমস্ত হিজরতকারীদের ক্ষেত্রে প্রযোজ্য। যে কোন অঞ্চল ও যুগের প্রথম যুগ থেকে কিয়ামত পর্যন্ত যত মানুষ হিজরত করবে সবাই এর অন্তর্ভূক্ত হবে।[১৫খ]

يَا عِبَادِىَ الَّذِيْنَ اٰمَنُوْا اِنَّ اَرْضِىْ وَاسِعَةٌ فَاِيَّاىَ فَاعْبُدُوْنِ العَنْكَبُوْت ٥٦

অর্থাৎ - হে আমার ঈমানদার বান্দাগন, আমার পৃথিবী প্রশস্ত, সমস্যা হলে হিজরত করো তবু আমারই ইবাদত করো।[১৫গ]

পরিবার, পরিবেশের দোষ দিয়ে আজাব থেকে বাঁচা যাবে? গাড়ী যেখানে নষ্ট হয়, সেখানে সারাই হয় না। এ আয়াতে কিয়ামত পর্যন্ত হিজরতের অব্যাহত নির্দেশ রয়েছে।

সুতরাং, ঈমান ও আমল বানাতে হলে এবং তাবলীগী হিজরত স্থায়ী হিজরতের অন্তর্ভূক্ত বিধায় কিয়ামত পর্যন্ত চালু থাকাই ফাতওয়া, হাদীস ও কুরআনিক বিধান নির্দেশ করে।

প্রশ্ন নং- ৪

স্ত্রী, ছেলেমেয়ে ও সংসার রেখে তাবলীগের উদ্দেশ্যে হিজরত বা সফর করা জায়েজ কি? তাদের হক আদায় ও হেফাজতের দায়িত্বও তো আছে।

www.eelm.weebly.com

উত্তর ঃ শুধু জায়েজ নয়, লাজেমও।

আহ! আমার স্ত্রীর হক চিনেছি, ছেলেমেয়ের হক চিনেছি, আমার আল্লাহর হক চিনেছি কি? আমার ছেলেমেয়ের দায়িত্ববোধ হয়েছে, আমার নবীর (সঃ) দাঁত ভাঙ্গা দ্বীনের দায়িত্ববোধ হয়েছে কি? নিজের ছেলে মেয়েকে রক্ষার জন্যে সদা প্রস্তুত, নিজেকে রক্ষার প্রস্তুতি নিয়েছি কি?

-- এ প্রস্তুতির ও দায়িত্বানুভূতির জন্যেই স্ত্রী ছেলে মেয়ে সব রেখে দেশ থেকে দেশান্তরে হিজরত/সফর করার আদেশ স্বয়ং আল্লাহ তায়ালাই দিয়েছেন বরং যারা স্ত্রী পরিবার ও সম্পদের কারনে আল্লাহ তায়ালার রাস্তায় তাবলীগে বের হতে পারেন না, হিজরত করতে পারেন না অথবা শরীয়ত সম্মত অস্ত্রের জিহাদে শরীক হতে পারেন না তাদেরকে আল্লাহপাক ভীষণ আজাবের হুমকী দিয়ে বলেছেনঃ তোরা একটু দাঁড়া, এক্ষুনি আজাব পাঠাচ্ছি।[১৬]

إِنْ كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ اقْتَرَفْتُمُوهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرْضَوْنَهَا فَتَرَبَّصُوا حَتَّى يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ

التوبة ، آيه ٢٤

অর্থাৎ - যদি তোমাদের বাপ, বেটা, ভাই, স্ত্রী, আত্মীয়-স্বজন, সঞ্চিত ধন ও অবস্থান স্থলের মায়ায় আল্লাহর রাস্তায় হিজরত, তাবলীগ বা জিহাদ করতে না পার তাহলে একটু অপেক্ষা কর! আল্লাহর আজাব না আসা পর্যন্ত!!

অর্থাৎ, হিজরাত না করলে আজাব অবধারিত।

প্রশ্ন নং- ৫

আল্লাহ তায়ালা কুরআনে বলেছেনঃ একে ২শ, আর তাবলীগওয়ালারা বলেন, ৭ লাখ /৪৯ কোটি গুণ ছওয়াব পাওয়া যাবে। এদের এত ছওয়াব কোন্ আল্লাহ দেবেন?

উত্তর ঃ সেই এক আল্লাহই সবকিছুই দেবার একমাত্র আধার। সুতরাং, তিনিই দেবেন। আল্লাহপাক কুরআনে সংক্ষিপ্ত আদেশ দিয়েছেন আর হাদীসে রাসুল (সঃ) তার সম্পূর্ণ ব্যাখ্যা দিয়েছেন। নামাজ, রোজা, হজ্ব, যাকাত, দিয়াত, ফাঈ ও ফিদইয়া ইত্যাদি বিষয়সমূহ তারই উদাহরণ। ছওয়াব বা পুরস্কারের বিষয়টাও তেমন।

وَمَثَلُ الَّذِينَ يُنفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللَّهِ كَمَثَلِ حَبَّةٍ أَنبَتَتْ سَبْعَ سَنَابِلَ الخ البقرة ٢٦١

www.eelm.weebly.com

– এ আয়াতে আল্লাহপাক আল্লাহর রাস্তায় ব্যয় করার জন্যে ১ টাকায় ৭শ টাকার ছওয়াব দেয়ার ঘোষনা দিয়ে বলেছেন, যাকে খুশি আরো বাড়িয়ে দেব।[১৭]

এ আয়াতেরই ব্যাখ্যায় রাসুল (সঃ) বাড়িয়ে দিয়ে বলেছেনঃ

যে ব্যক্তি আল্লাহর রাস্তায় খরচ পাঠিয়ে দিল কিন্তু সে তার বাড়ীতে থেকে গেলো তাকে প্রত্যেক দেরহামের বিনিময়ে ৭শ দেরহাম (দান করার ছওয়াব দেয়া হবে) আর যে ব্যক্তি আল্লাহর রাস্তায় নিজেই খেলো এবং নিজের জন্যেই খরচ করলো তার জন্যে প্রত্যেক দেরহামের বিনিময়ে ৭শ হাজার দেরহাম (বরাদ্দ)। তারপর এ আয়াত পাঠ করেন, আল্লাহ যাকে চান বাড়ায়ে দেবেন।[১৮] وَاللهُ يُضَاعِفُ لِمَنْ يَّشَآءُ

সনদসহ মূল হাদীসটা দেখুন এবার ঃ

عَنْ عَلِيٍّ وَاَبِى الدَّرْدَاءِ وَاَبِى هُرَيْرَةَ وَاَبِى اُمَامَةَ وَعَبْدِ اللهِ بْنِ عُمَرَ وَعَبْدِ اللهِ بْنِ عَمْرٍو وَجَابِرِ ابْنِ عَبْدِ اللهِ وَعِمْرَانَ بْنِ حُصَيْنٍ رَضِىَ اللهُ عَنْهُمْ اَجْمَعِيْنَ يُحَدِّثُ عَنْ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اَنَّهُ قَالَ مَنْ اَرْسَلَ نَفَقَةً فِىْ سَبِيْلِ اللهِ وَاَقَامَ فِىْ بَيْتِهٖ فَلَهٗ بِكُلِّ دِرْهَمٍ سَبْعُ مِائَةِ دِرْهَمٍ وَمَنْ غَزٰى بِنَفْسِهٖ فِىْ سَبِيْلِ اللهِ وَاَنْفَقَ فِىْ وَجْهِهٖ ذٰلِكَ فَلَهٗ بِكُلِّ دِرْهَمٍ سَبْعُ مائة اَلْفُ دِرْهَمٍ ثُمَّ تَلَا هٰذِهِ الْاٰيَةَ واللهُ يُضَاعِفُ لِمَنْ يَّشَآءُ رَوَاهُ ابْنُ مَاجَه ص ٢٠٣ و مِشْكواة ص ٣٣٥

অবিকল অর্থ ঃ যে আল্লাহর রাস্তায় খরচ পাঠিয়ে দিল অথচ সে তার বাড়ীতে থেকে গেল তার জন্যে প্রত্যেক টাকার বিনিময়ে ৭শ টাকা আর যে আল্লাহর রাস্তায় নিজে খেলো এবং নিজের জন্যে ব্যয় করলো তা তার জন্যে প্রত্যেক টাকার বিনিময়ে ৭শ হাজার টাকা।

অন্যত্র, নামাজ, রোজা, জিকির আল্লাহর রাস্তায় ব্যয়ের চেয়ে ৭শ'গুণ বাড়িয়ে দেয়। আবু দাউদ,পৃঃ৩৩৮। এখন ৭ লাখ ও ৭শ'গুণ করলে ৪৯ কোটি হয়।

www.eelm.weebly.com

(১টাকা = ৭,০০,০০০×৭০০ = ৪৯,০০,০০,০০০)।

عَنْ سَهْلِ ابْنُ مُعَاذٍ عَنْ اَبِيْهِ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمْ اِنَّ الصَّلٰوةَ وَالصِّيَامَ وَالذِّكْرَ يُضَاعَفُ عَلَى النَّفَقَةِ فِىْ سَبِيْلِ اللهِ سَبْعُمِائَةِ ضِعْفٍ - اَبُوْ دَاوُدِ ص ٣٣٨

প্রশ্ন নং- ৬

দাওয়াতে তাবলীগের পরিধি কতটুকু?

উত্তর ঃ দাওয়াতে তাবলীগের পরিধি তিন ভাবে বিবেচনা করা যায় ঃ

ক) ভৌগলিক পরিধি,

খ) ঈমানী পরিধি ও

গ) সময়ভিত্তিক পরিধি।

ক) ভৌগলিক পরিধি ঃ সমগ্র পৃথিবী ও গ্রহ-উপগ্রহ সর্বত্রই। অর্থাৎ জ্বীন ও জনবসতি আছে যতদুর তাবলীগের পরিধি ততদুর।

খ) ঈমানী পরিধি ঃ হজরত আবু বকর (রাঃ) এঁর ঈমান ও ইয়াক্বীন যে স্তর পর্যন্ত উন্নীত হয়েছিল সেই স্তর পর্যন্ত। উম্মতের ঈমানী স্তর এ পর্যন্ত সীমিত। এর উর্দ্ধে নবীর স্তর।

গ) সময়ভিত্তিক পরিধি ঃ যতদিন পৃথিবীর কোন এক নিভৃত কোণে হলেও মহান আল্লাহপাকের একটা বান্দাও তার নাফরমান থাকবে ততদিন পর্যন্ত তাবলীগ করতে হবে।[২০]

আল্লাহর রাসূলের (সঃ) বিভিন্ন হাদীসের ঈশারা ও মতন থেকে জানা যাচ্ছে যে, কেয়ামত পর্যন্ত দাওয়াতে তাবলীগের কার্য পরিক্রমা পরিচালনা করে যেতে হবে। হিজরত সংশ্লিষ্ট এ হাদীসটা তারই নির্দেশনাবাহী।

ক- بُخَارِىْ-لَا تَنْقَطِعُ الْهِجْرَةُ حَتّٰى تَنْقَطِعَ التَّوْبَةُ - بُخَارِىْ

খ- তাবলীগের কাজে নৈরাশ না হয়ে অবিরাম চালিয়ে যাওয়ার এবং তাবলীগ কখনও ত্যাগ না করার আদেশ নিম্নোক্ত আয়াতেও রয়েছে ঃ

اَفَنَضْرِبُ عَنْكُمُ الذِّكْرَ صَفْحًا اَنْ كُنْتُمْ قَوْمًا مُّسْرِفِيْنَ
الزُّخْرُف-اٰية ٥

www.eelm.weebly.com

অর্থাৎ ঃ তোমরা সীমা লংঘনকারী সম্প্রদায়। তাই বলে কি তোমাদের কাছে তাবলীগ করা বাদ দেবো?[২২] "মেরেছ কলসীর কানা তাই বলে কি প্রেম দেবোনা?"

-- এ থেকে জানা গেল যে, যে ব্যক্তি দাওয়াত ও তাবলীগের কাজ করে তার উচিত প্রত্যেকের কাছে পয়গাম নিয়ে যাওয়া এবং কোনও দলের কাছে তাবলীগ শুধু এ কারনে পরিত্যাগ করা উচিত নয় যে, তারা চরম পর্যায়ের মূলহিদ, বে-দ্বীন অথবা পাপাচারী। -- নবীজী (সাঃ) আবু জেহেলের কাছে ৯৫০ ধেতে ১১০০ বার গিয়েছিলেন।

অতএব, সারাটা জীবন তথা কেয়ামত পর্যন্ত অবিরামভাবে তাবলীগ করেই যেতে হবে।

প্রশ্ন নং– ৭

সারা বিশ্বের প্রচলিত তাবলীগ নবুয়াতী তাবলীগ কিনা?

উত্তর ঃ এ প্রশ্নটা স্থিরীকৃত হলেও কিছুটা বিতর্কিত স্থানে অবস্থিত। এ জন্যে যুক্তির নিরীখে পর্যালোচনার প্রয়োজন প্রনুভুত হচ্ছে।

নবুয়াতী তাবলীগের ৪টে বৈশিষ্ট্য রয়েছে। বিশেষভাবে এর দুটো বৈশিষ্ট্য মৌলিক। সুতরাং, যে তাবলীগ বা দাওয়াতী কর্মসূচীর মধ্যে এ ৪টি বৈশিষ্ট্য একত্রে পাওয়া যাবে সেই তাবলীগ নবুয়াতী তাবলীগ বলে স্বীকৃত হবে। বৈশিষ্ট্যের সংজ্ঞাই এ যৌক্তিকতার সন্ধান দিচ্ছে। কেননা, কোনও বিষয়ের বৈশিষ্ট্যের মধ্যেই তার মূল নিহিত থাকে।

বৈশিষ্ট্যের সংজ্ঞা ঃ 'বৈশিষ্ট্য' শব্দের অর্থ বিশেষ গুণ, যে বিশেষ গুণসমহ্ যার মধ্যে আছে তা ছাড়া অন্যত্র থাকবে না।

এখন বৈশিষ্ট্যের সংজ্ঞা-গবেষণায় বলা যায়ঃ সকল তাবলীগ নবুয়াতী তাবলীগ নয়, কিন্তু সব নবুয়াতী তাবলীগই তাবলীগ। যেমন, সব সুন্দরী সতী নয়, কিন্তু সব সতীই সুন্দরী। নবুয়াতী তাবলীগের বৈশিষ্ট্যাবলী নিম্নরুপ ঃ

ক) বিনা পারিশ্রমিকে তাবলীগ বা দাওয়াতের কাজ করা।

খ) আখেরাতমূখী দাওয়াত দেয়া।

গ) উপযাচিত হয়ে দাওয়াত দেয়া ও

ঘ) হিজরাত করা।

ক) বিনা পারিশ্রমিকে তাবলীগ বা দাওয়াতের কাজ করা ঃ আল্লাহ্ তায়ালা কুরআনে নবীরই ভাষায় তাঁদের দাওয়াতের পদ্ধতি ব্যক্ত করে বলেনঃ

وَمَا أَسْئَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَىٰ رَبِّ الْعَالَمِينَ

الشعراء ١٠٩

www.eelm.weebly.com

অর্থাৎ ঃ আমি তোমাদের কাছে এর কোন পারিশ্রমিক চাই নে, বরং চাইলে একমাত্র সমস্ত জগতের রবের কাছেই চাই।[২৩] -- তা বেতন/হাদিয়া/চাঁদা /ভাড়া/বখশিশ ইত্যাদি যে নামেই হোক না কেন?

খ) আখেরাতমুখী দাওয়াত দেয়া ঃ সমস্ত নবীগনই আখেরাতমুখী দাওয়াত দিতেন।জাগতিক কোনও ব্যক্তি বা স্বার্ধের দিকে দাওয়াত দেননি ঃ

اِنِّىْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ۰ فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ۰

اَلشُّعَرَاء ١٦٢-١٧٨-١٤٣-١٢٦-(١٠٧-٨)

অর্থ ঃ অবশ্যই আমি তোমাদের বিশ্বস্ত রাসুল, সুতরাং, আল্লাহকে ভয় কর ও আমার আনুগত্য কর। আর সীমা লঙ্ঘনকারীদের আদেশ মেনো না।[২৪ক] --- এ আয়াত আখেরাত মুখী দাওয়াতেরই অনন্য নজীর।

গ) উপযাচিত হয়ে দাওয়াত দেয়া ঃ তাঁরা মানুষের দ্বারে দ্বারে, হাটে-বাজারে, গোত্রে-গোত্রে, দেশে-বিদেশে স্বয়ং হাজির হয়ে দাওয়াতে তাবলীগের কাজ করেছেন।[২৪খ]

ঘ) হিজরাত করা ঃ প্রায় সকল নবীই তাবলীগ করার জন্য ঘর-বাড়ী, স্ত্রী-সন্তান ও দেশ ত্যাগ করেছেন-

১। হযরত আদম(আঃ) সিংহল থেকে মক্কা হিজরাত করেন। [২৫]

২। হজরত ইব্রাহিম(আঃ) তাবলীগের উদ্দেশ্যেই ব্যাবেল থেকে মিশর ও ফিলিস্তিন হিজরত করেন। [২৬]

৩। হজরত নুহ (আঃ) হেজাজ থেকে ইরাক, মিশর, জর্দান ও সাদ্দূম এলাকায় তাবলীগের উদ্দেশ্যেই হিজরাত করেন। [২৭]

৪। হজরত ইউনূস (আঃ) সিরিয়া থেকে তাইগ্রীস নদের তীরবর্তী স্থান 'নিনওয়া' সফর করেন।[২৮]

৫। হজরত মুসা(আঃ) মিশর থেকে মাদইয়ান, সিরিয়া, তুর পাহাড়, পারস্য, রোম ও আন্দালুস হিজরত করেন।[২৯]

৬। নবী ইউশা(আঃ) সীনার 'তীহ' থেকে ফিলিস্তিন, আন্দালুস, আইকা ও আফ্রিকা সফর করেন।[৩০]

৭। হজরত দাউদ(আঃ) সীনার তীহ্ থেকে ফিলিস্তিন সফর করেন।[৩১]

৮। হরত সোলাইমান(আঃ) সারা পৃথিবী।[৩২]

৯। হজরত ঈসা (আঃ) দুনিয়া থেকে আসমান।[৩৩]

www.eelm.weebly.com

১০। শেষতম ও শ্রেষ্ঠতম নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহ (দঃ) মক্কা থেকে মদীনা শরীফ, আর সাহাবায়ে কিরাম সারা দুনিয়ার সকল মহাদেশেই হিজরত করেছিলেন।[৩৪]

প্রমাণিত হচ্ছে যে, প্রথম নবী হজরত আদম (আঃ) থেকে শেষতম নবী মুহাম্মাদ(দঃ) পর্যন্ত প্রায় সকল নবীই দ্বীনের জন্যে হিজরত করেছেন এবং কিয়ামত পর্যন্ত করার নির্দেশনাও দিয়ে গেছেন।৩৫ এটা নবুয়াতী কার্যক্রমের অন্যতম বৈশিষ্ট্য।

নবুয়াতী কার্যক্রমের ৪টে বৈশিষ্ট বিশেষ করে ১ ও ২ নং মৌলিক বৈশিষ্ট্যদ্বয়ও তাবলীগ জামাতের মধ্যে নিহিত আছে।

অতএব, প্রমাণিত হচ্ছে যে, সমগ্র বিশ্বে প্রচলিত তাবলীগ মূলতঃ নবুয়াতী তাবলীগেরই অনুসারী।

এছাড়াও সাধারণভাবে নিরীক্ষিত, পরীক্ষিত ও প্রমাণিত হচ্ছে যে, নবুয়াতী তাবলীগের সাথে প্রচলিত তাবলীগের যথেষ্ট সাদৃশ্য রয়েছে। যেমন- তাবলীগ জামাতের গঠন ও প্রেরণ-পদ্ধতি, লক্ষ্য ও উদ্দেশ্য বিধি, দাওয়াতের ক্ষেত্র ও পরিধি। দাওয়াত দেয়ার পদ্ধতি, আকৃতি ও প্রকৃতি অবিকল নয়, তবে অনুরুপ নিশ্চয়। বদনিয়ত নয়, তবে রুহানিয়াতের হ্রাস অস্বাভাবিক নয়।স্বয়ং আল্লাহ্ তায়ালা এ মর্মে উপায় জ্ঞাত করেছেন যে, ছোট ছোট জামাত গঠন করে স্ত্রী, ছেলে, মেয়ে রেখে স্বয়ং আল্লাহ্র রাস্তায় বেরিয়ে যাবে দ্বীন শিখবার জন্যে। শিখে ফিরে এলে এলাকাবাসীকে শিখাতে থাকবে আর এক জামাত বের হয়ে যাবে। এভাবে এক জামাত যাবে আর এক জামাত আসবে। তাহলেই বাঁচা যাবে, নচেৎ বাঁচারও উপায় নেই।[৩৬]

আল্লাহ্র রাসুল(দঃ) মক্কী ও মাদানী জিন্দেগী এবং মক্কা বিজয়ের পরেও ইন্তেকাল পর্যন্ত এ পদ্ধতি পালন করে গেছেন আর প্রচলিত তাবলীগ জামাতও তার অনুসরন করে আসছে।

অতএব, বর্তমানে প্রচলিত তাবলীগ জামাত সেই নবুয়াতী তাবরীগেরই অন্তর্ভূক্ত -এতে কোনও সন্দেহ থাকতে পারে না।

প্রশ্ন নং -৮

ইসলাম প্রতিষ্ঠিত করার উপায় কি ?

উত্তর ঃ এ প্রশ্নটা স্পর্শকাতর। আল্লাহ্পাক নিজেই ১৮ পারার এক আয়াতে এর জবাব দিয়েছেন। সে আয়াতটাই আপনাদেরকে শুনাই -

وَعَدَ اللهُ الَّذِيْنَ اٰمَنُوْا مِنْكُمْ وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَيَسْتَخْلِفَنَّهُمْ
فِى الْاَرْضِ كَمَا اسْتَخْلَفَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ وَلَيُمَكِّنَنَّ لَهُمْ

دِيْنَهُمُ الَّذِى ارْتَضٰى لَهُمْ وَلَيُبَدِّلَنَّهُمْ مِنْ بَعْدِ خَوْفِهِمْ اَمْنًا ط وَمَنْ كَفَرَ بَعْدَ ذٰلِكَ فَاُولٰئِكَ هُمُ الْفٰسِقُوْنَ -النور ٥٥

অর্থাৎ – আল্লাহপাক ওয়াদা করেছেন যে, তোমাদের মধ্যে যারা ঈমান আনবে এবং নেক আমল করবে তাদেরকে অবশ্য অবশ্যই এই দুনিয়াতেই খেলাফত দান করবেন যেমন তাদের পূর্ববর্তীদেরকে দেয়া হয়েছিল এবং প্রতিষ্ঠিত করে দেবেন তাদের ধর্মকে যা তিনি পছন্দ করেছেন। আর শংকার পরিবর্তে নিরাপত্তা দান করবেন। তারা শুধু আমরাই ইবাদত করবে আর কোনও জিনেষের সাথে শরীক করবে না।[৩৭]

--এ আয়াতে আল্লাহপাক ৪টা কাজের শর্তসাপেক্ষে ৩টা পুরষ্কার দেবার ওয়াদা করেছেন। ৪টা কাজ হচ্ছেঃ

১। ঈমান খাঁটি করা, ২। সুন্নত অনুযায়ী আমল করা,

৩। একমাত্র তাঁরই ইবাদত করা এবং ৪। কোনও রকমের শির্ক না করা।

৩টা পুরষ্কার হচ্ছেঃ

১। অবশ্যই খেলাফত দান করবেন, ২। ইসলামকে প্রতিষ্ঠিত করে দেবেন এবং

৩। শান্তিও নিরাপত্তা দান করবেন।

– তা হলে সারা দুনিয়ায় ঈমান ও আমলের মেহনতই ইসলাম প্রতিষ্ঠিত করার মৌলিক উপাদান নয় কি?

প্রশ্ন নং– ৯

তাবলীগ ও তরীক্বত (ছুলুক)– এর মধ্যে পার্থক্য কি?

উত্তরঃ উভয়ই হক্ব। তাবলীগ হচ্ছে নবুয়াতী মেহানত আর তারীক্বত হচ্ছে পীর-ওলীগণের মেহনাত। এ উভয়কে যথাক্রমে 'কুরবে নবুয়াত' ও 'কুরবে বেলায়ত' ও বলা হয়।[৩৮]

"নবুয়াতী মেহনাত, বেলায়তী মেহনাত অপেক্ষা বহুগুণে শ্রেষ্ঠ ও উত্তম। কেননা, নবুয়াতী মেহনাত মূল আর বেলায়তী মেহনাত তার ছায় স্বরুপ"[৩৯] এবং উভয়ের মধ্যে ঢের পার্থক্য আছে। তাবলীগ সূর্যের ন্যায়, তরীক্বাত চন্দ্রের ন্যায়।

"যদি কুরবে বেলায়েতের পন্থায় না চলে কুরবে নবুয়াতের (নবুয়াতী মেহনাত/তাবলীগ) সুপ্রশস্ত পন্থাকে অবলম্বন করা হয় তখন ফনা-বকা জ্বজবা ও ছুলুক কিছুই আবশ্যক হয় না" অর্থাৎ পীর বা ছলুক প্রয়োজন হয় না।[৪০] হ্যাঁ, বেঈমান, বেআমলের জন্যে অবশ্যই জরুরী।

"নবুয়াতী মেহনাতের (তাবলীগ) পথের পথিকগণ অধিকাংশই গন্তব্য স্থানে পৌছুতে সক্ষম হন, পক্ষান্তরে বেলায়তী (পীর) পন্থার পথিকগনের অধিকাংশই পথিমধ্যে আবদ্ধ হয়ে যান। আর সাগর ছেড়ে এক ফোটা পানিতে তৃপ্ত হয়ে পড়েন।" এবং সম্পূর্ণ নিয়ে চিন্তা ভাবনা করা থেকে আটকে যান। ও আসল লক্ষ্যে পৌছানো থেকে বঞ্চিত হন।"[৪১] হযরত মুজাদ্দেদে আলফেছানী (রঃ)- এঁর এ বক্তব্য।– "সত্যের সন্ধান" গ্রন্থে নকল করেছেন মুফতীয়ে আযম ফয়জুল্লাহ সাহেব (রঃ), হাটহাজারী।

প্রশ্ন নং–১০

তাবলীগ করলে আল্লাহ তায়ালা প্রথম যুগের মুহাজির ও আনসারগণের সমান মর্যাদা দান করবেন– একথার সত্য দলীল আছে কি?

উত্তরঃ

হ্যাঁ, হাদীসের দলীল আছে ঃ

اَخْرَجَ الْبَزَّارُ عَنْ مُعَاذِ ابْنِ جَبَلٍ رض قَالَ قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاِذَا ظَهَرَ حُبُّ الدُّنْيَا ---
ـ اَلْقَائِلُوْنَ يَوْمَئِذٍ بِالْكِتَابِ وَالسُّنَّةِ كَالسَّابِقُيْنَ الْاَوَّلِيْنَ مِنَ الْمُهَاجِرِيْنَ وَالْاَنْصَارِ ـ
حَيَاةُ الصَّحَابَةِ ج ٢ ص ٣ـ ٩٢

অর্থাৎ– হজরত মুয়াজ ইবনে জাবাল (রাঃ) বলেন, রাসুল (দঃ) বলেন যে, যখন তোমাদেরকে দুনিয়ার মহাব্বত পেয়ে বসবে তখন যারা কুরআন ও সুন্নাহ মোতাবেক কথা বলবে বা আমল করবে তারা প্রথম যুগের মুহাজির ও আনসারগনের সমান মর্যাদা পাবে।[৪২]

মেশকাত শরীফে باب ثواب هذه الامة "এই উম্মতের ছওয়াব নামক অধ্যায়ে" প্রায় সমমানের ১২টি হাদীস উত্থাপিত হয়েছে। এছাড়াও পাবেন বায়হাক্বী গ্রন্থের নবুয়াতীর দলীলাদি অধ্যায়ে। আর সমমর্মের পাবেন, মুসনাদে আহমাদ, দারেমী, তিরমিজি ও মেশকাত শরীফের ৫৮৪ পৃষ্ঠার শেষতম হাদীসে।

প্রশ্ন নং-১১

জনগণ তাবলীগ করা ছেড়ে দেবে কখন?

www.eelm.weebly.com

উত্তরঃ

এ প্রশ্নের জবাবে আল্লাহর রাসুল(দঃ) হযরত হুযাইফা (রাঃ)-কে বলেন যে,

عَنْ حُذَيْفَةَ قَالَ ---- قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا دَاهَنَ خِيَارُكُمْ وَجُبَّارُكُمْ وَصَارَ الْفِقْهُ فِى شِرَارِكُمْ وَصَارَ الْمُلْكُ فِى صِغَارِكُمْ ....

অর্থাৎঃ যখন তোমাদের নেকারগন বদকারদের সাথে হক কথা রাখতে শিথিলতা করবে, তোমাদের দুষ্ট লোকগন ফিকাহ্‌র জ্ঞান অর্জন করে ফেলবে এবং অল্প বয়স্কদের হাতে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব অর্পিত করবে তখন জনগন তাবলীগ করা ছেড়ে দেবে।[৬৩]

প্রশ্ন নং-১২

দলচ্যুত হয়ে বা অনুপ্রবেশ ক'রে উপদল, শাখা দল বা স্বতন্ত্র দল গঠন করা বৈধ কি? এদের অবস্থা ও অবস্থান কোথায়?

উত্তরঃ

আল্লাহর রাসুল (দঃ) স্বয়ং মুসলমানদের এ দলীয় কোন্দলজনিত সমস্যার সমাধান সেই দেড় হাজার বছর আগেই দিয়ে গেছেন। তিনি (দঃ) মুল ও বড় দলকে অক্টোপাশের মত আঁকড়ে ধরতে বলেছেন আর শাখা, উপ, ও ছোট জামাত ত্যাগের আদেশ দিয়েছেন। সুতরাং, মূলেই পার, শাখায় সংহার।

শাখার প্রসুতী হচ্ছে লোভ, স্বার্থ ও অবাধ্যতা। অবাধ্যতায় বা লোভাতুরতায় অদৃশ্য হাতের পুতুল হয়ে সংগোপনে অনুপ্রবেশ করে দশ, দেশ ও দলের আন্দোলন ও প্রতিষ্ঠানের ভাঙ্গন, অনাস্থা উত্থাপন, শাখা বা সতন্ত্র দল গঠন এসব দলে সংযোজন ও সংবর্ধন, সাহায্য ও সম্প্রসারণ ইসলাম থেকে বহুশত যোজন দুরে ঠেলে দেয়, যদিও দেখতে মুসলমান মনে হয়, এমনকি মুনাফিক, বাগী বা বিদ্রোহী, গোমরাহ ও খারিজী অবস্থায় দোজখের লেলিহান অগ্নিশাখায় করে নেয় তার আপন অবস্থান। --- এ দ্বিমুখীতত্ত ও তার সহযোগসিক্ত-উভয়ই দোজখের সদস্য। এদের অবস্থা- এখানে বাদুড়ের মত, সেখানে মুনাফিকের মত। এরা মুসলমান নয়, মাকাল! হাশরে পরানোহবে দোজখের নাকাল ! -- না নিশাচর -- না দিবাচর, না মুসলমান! এদের অবস্থান সুচিস্মিতা -দ্বিমুখী নারীর ন্যায়। আর নবীর (দঃ) ভাষায় এরা সেই পাঁঠার মত যে কখনও এ ছাগীর পাছা চাটে, কখনও ঐ ছাগীর পিছন চাটে (হাদীস)। এদের থেকে সাবধান ! রানদ্যহয়ে জান খাবে !

www.eelm.weebly.com

এ যোড়ষীর স্বামীও দাযুস দোজখী। সুতরাং এ দ্বিমুখীর প্রস্রয়-প্রভুও দ্বিমুখী নয় কি? ''অন্যায় যে করে আর অন্যায় যে সহে, তব ঘৃনা তারে যেন তৃণসম দহে'' -কবির এ ভাষা মূলত হাদীসের মর্মগাথা।

একদিন আল্লাহর নবী (দঃ) মাটিতে একটা সোজা দাগ টেনে বললেন, এই মূল সোজা দাগটাই তো আল্লাহর পথ। তারপর তার ডানে-বামে আরও কয়েকটা শাখা রেখা টেনে বললেন, এ শাখা দাগগুলো হলো সেই সমস্ত পথ যার প্রতিটির শেষে বসে রয়েছে একটা করে শয়তান। আর সে সেখান থেকে মানুষকে দাওয়াত দিচ্ছে --এসো, এদিকে এসো। -এটাই সহী পথ।[৪৪]

বর্ণনায়ঃ আব্দুল্লাহ বিন মাসউদ (রাঃ)।

সাথে সাথে এ আয়াত করেন তেলাওয়াতঃ

وَاَنَّ هٰذَا صِرَاطِىْ مُسْتَقِيْمًا فَـاتَّبِعُوْهُ وَلَا تَتَّبِعُـوْ السُّـبُلَ فَتَفَرَّقَ بِكُمْ عَنْ سَبِيْلِهٖ''الخ ١٥٤

অর্থাৎ ঃ এটাই আমার সহজ-সরল পথ, এ পথেরই অনুসারী হও। বাকী (শাখা ইত্যাদি) যত পথ রয়েছে সে সবের অনুসরণ করতে গেলে তোমরা তাঁর সঠিক পথ থেকে বিচ্যুত হয়ে পড়বে।[৪৫]

উক্ত হাদীস ও কুরআন থেকে পরিষ্কার বোঝা যাচ্ছে যে, শাখা দল গোমরাহ। হক মনে হলেও না হক। দ্বীনের আকৃতি থাকলেই দ্বীন হয় না, প্রকৃতিও থাকতে হয়।

সংশ্লিষ্ট বিষয়ে নিচে ৮টি হাদীস ও ৩টি আয়াত পেশ করা হচ্ছে ঃ

ক) عَنْ اِبْنِ عُمَرَرضقَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اِتَّبِعُوْا السَّوَادَ الْاَعْظَمَ

তোমরা মুসলমানদের বড় দলকে অনুসরণ কর।[৪৬]

খ) وَعَلَيْكُمْ بِالْجَمَاعَةِ، مِشْكواة ص ٣١

দল বা জামাতের সাথে জড়িত হয়ে থাকা তোমাদের জন্য জরুরী হয়ে পড়েছে।

www.eelm.weebly.com

(৭) عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ ص اِيَّاكُمْ وَالشِّعَابِ، وَعَلَيْكُمْ بِالْجَمَاعَةِ وَالْعَامَّةِ اَحْمَدُ مِشكواة باب الاعتصام ص ٣١

সাবধান! তোমরা দলচ্যুত হওয়া থেকে বেঁচে থেকো, সাধারণ বড় দলের সাথে দলবদ্ধভাবে থাকবে। নচেৎ তোমরাও ধ্বংস হয়ে যাবে। [৪৮]

عَنْ اَبِىْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ خَرَجَ مِنَ الطَّاعَةِ وَفَارَقَ الْجَمَاعَةَ مَاتَ مَيْتَتًا جَاهِلِيَّتًا (نَسائ)

অর্থাৎঃ হযরত আবু হুরায়রা (রাঃ) থেকে বর্নিত তিনি বলেন যে, আল্লাহর রাসূল (দঃ) বলেছেন, যে ব্যাক্তি আনুগত্য- চ্যুত হলো এবং জামাত থেকে বিচ্ছিন্ন হলো সে অন্ধকার যুগের মৃত্যুরবরণ করে নিলো।

عَنْ اَنَسٍ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اِتَّبِعُوا السَّوَادَ الْاَعْظَمَ فَاِنَّهُ مَنْ شَذَّ شُذَّ فِى النَّارِ – اِبْنُ مَاجَةَ – مشكواة – صـــــ ٣٠

অর্থাৎ ঃ হযরত আনাস (রাঃ) থেকে বর্ণিত, রাসুল্লাহ (দঃ) বলেন যে তোমরা মুসলমানদের সংখ্যাগরিষ্ঠ দলে যোগ দাও। অবশ্যই বড় দল ছেড়ে যারা ছোট দল গঠন করবে, ছোট দলে যোগ দেবে তারা বিচ্ছিন্ন হয়েই জাহান্নামে যাবে।[৫১]

عَنْ اِبْنِ عُمَرَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ ص اِنَّ اللهَ لَا يَجْمَعُ اُمَّتِىْ عَلٰى ضَلَالَةٍ وَيَدُ اللهِ عَلَى الْجَمَاعَةِ وَمَنْ شَذَّ شُذَّ فِى النَّارِ – تِرْمِذِىٌّ، مِشْكواة، باب الاعتصام – ص ٣٠

www.eelm.weebly.com

অর্থাৎ - ইবনে ওমর (রাঃ) থেকে বর্ণিত, আল্লাহর রাসুল (দঃ) বলেন, আল্লাহতায়ালা আমার উম্মতকে গোমরাহীর উপরে অবশ্যই ঐক্যবদ্ধ করবেন না এবং জামাত-বদ্ধতার ওপরে আল্লাহর সাহায্য থাকে আর যারা সংখ্যাগরিষ্ঠকে ছেড়ে লঘিষ্ঠের সাথে থাকে তারা বিচ্ছিন্ন হয়েই জাহান্নামে যাবে। [৫২]

عَنْ حَارِث الْاَشْعَرِیْ رضِی قَالَ قَـــالَ رَسُـــوْلُ اللهِ ص اٰمُرُكُمْ بِخَمْسٍ بِالْجَمَاعَةِ وَالسَّمْعِ وَالطَّاعَةِ وَالْهِجْرَةِ وَالْجِهَادِ فِیْ سَبِیْلِ اللهِ- وَاَنَّهٗ مَنْ خَرَجَ مِنَ الْجَمَاعَةِ قَدْرَ شِبْرٍ فَقَـــدْ خَلَعَ رِبْقَةَ الْاِسْلَامِ عَنْ عُنُقِهٖ اِلَّا اَنْ یُّرَاجِـــعَ وَمَـــنْ دَعَـــا بِدَعْوَی الْجَاهِلِیَّةِ فَهُوَ مِنْ جُثَیِّ جَهَنَّمَ وَاِنْ صَامَ وَصَلّـــــی وَزَعَمَ اَنَّهٗ مُسْلِمٌ- اَحْمَدُ، تِرْمِذِی، مُسْلِمٌ، ١٢٨

অর্থাৎ - হযরত হারেছ আশয়ারী (রাঃ) বলেন, আল্লাহর রাসূল (দঃ) বলেছেন ঃ আমি ৫টা কাজ করার জন্যে তোমাদেরকে আদেশ দিচ্ছি ঃ জামাত বদ্ধ হয়ে থাকা, (আমীরের কথা) শোনা, মানা, হিজরাত করা আর আল্লাহর রাস্তায় আপ্রাণ মেহনাত-মুজাহাদা করা। যে ব্যক্তি এক বিঘত পরিমানও জামাত থেকে বের হয়ে গেল, সে নিশ্চয়ই তার ঘাড় থেকে ইসলামের রশি খুলে ফেললো, পুনঃরায় না ফেরা পর্যন্ত! আর যে ব্যক্তি যাহেলী যুগের মত (নাফ্স্ অনুযায়ী জনগণকে) দাওয়াত দিতে থাকবে সে জাহান্নামের জ্বালানী হবে। যদিও সে রোজাদার হয়, নামাজী হয় এবং নিজেকে খাঁটি মুলমান বলে দাবী করে।। [৫৩]

مَارَاٰهُ الْمُسْلِمُوْنَ حَسَنًا فَهُوَ عِنْدَ اللهِ حَسَنٌ احمـــــد فـــی كتاب السنة بحواله المقاصد الحسنة ص ٣٦٨٠

অর্থাৎ - অধিকাংশ মুসলমানগন যাকে/ যে দলকে ভাল হিসেবে জানবে, আল্লাহপাকের কাছেও তা ভাল হিসেবেগণ্য হবে। [৫৩]

কুরআন ঃ

وَاعْتَصِمُوْا بِحَبْلِ اللهِ جَمِیْعًا وَّلَا تَفَرَّقُوْا اٰلِ عِمْرَان ١٠٣

www.eelm.weebly.com

অর্থাৎ ঃ তোমরা আল্লাহর কুরআনকে মজবুত করে ধরো আর বিচ্ছিন্ন হয়োনা।[৫৩]

مِنْ م بَعْدِ مَاتَبَيَّنَ لَهُ الْهُدٰى وَيَتَّبِعْ غَيْرَ سَبِيْلِ الْمُؤْمِنِيْنَ نُوَلِّهٖ مَاتَوَلّٰى وَنُصْلِهٖ جَهَنَّمَ ط وَسَاءَتْ مَصِيْرًا - ١١٥

অর্থাৎ - হেদায়েতের পথ সুস্পষ্টভাবে বুঝবার পরেও যারা অধিকাংশ মুসলমানের অনুসৃত পথের উল্টো দিকে চলে, আমি তাদেরকে ঐ উল্টোদিকেই মুখ ফিরিয়ে দেবো যে পথ সে অবলম্বন করেছে। তবে, তাকে জাহান্নামের আগুনে জ্বালিয়ে ছাড়বো।[৫৪]

وَلَاتَكُوْنُوْا كَالَّذِيْنَ تَفَرَّقُوْا وَاخْتَلَفُوْا مِنْ م بَعْدِ مَاجَاءَهُمُ الْبَيِّنَاتُ ط وَاُولٰئِكَ لَهُمْ عَذَابٌ عَظِيْمٌ ٠ اٰلِعِمْرَان ص ١٠٥

অর্থাৎ - তোমরা তাদের মত হয়ো না যারা বিচ্ছিন্ন হয়ে গেছে এবং সুস্পষ্ট নির্দেশ আসার পরেও বিরোধিতা করতে শুরু করেছে এবং তাদের জন্যে রয়েছে ভীষণ আজাব। - আল ইমরান, পৃষ্টা - ১০৫

উপসংহার ঃ কুরআন ও হাদীস থেকে প্রমাণিত হলো যে, মুসলমানদের কোন হক দলের মধ্যে যখন ফেত্না-ফাসাদ মাথাচাড়া দিয়ে ওঠে তখন অনুকুল ও প্রতিকুল সর্ব অবস্থাতেই মুল ও বড় দলে যোগদান করতে হবে এবং আমীরের/ শুরার নির্দেশ আনত মস্তকে মেনে নিতে হবে। কেননা, শাখা বা উপদল গঠন করে মুলের উল্টো চলা হারাম আর আমীরের আনুগত্য ফরজ/ ওয়াজিব। নবী (দঃ) এদের অন্তরকে শয়তানের অন্তর, গোমরাহ, নবীর দল থেকে বহির্ভূত ও দোজখী বলে ঘোষনা দিয়েছেন। স্বয়ং আল্লহ পাক বলেছেনঃ তাদের জাহান্নামের আগুনে জ্বালিয়ে ছাড়বো।

* অতএব, মূলেই পার, শাখায় সংহার।

প্রশ্ন নং- ১৩

মসজিদে শোয়া, খাওয়া ইত্যাদি বৈধ কি (বিশেষতঃ তাবলীগ জামাত)?

উত্তর ঃ

হ্যা, জায়েজ, বৈধ। আহসানুল ফাতাওয়া গ্রন্থে লিখেছেনঃ "এতেকাফকারী ও মুসাফিরের জন্যে মসজিদে পানাহার ও শোয়ার অনুমতি আছে। সুতরাং, তাবলীগী জামাতের এ প্রথাও জায়েজ।"[৫৫]

www.eelm.weebly.com

এছাড়াও বুখারীর হাদীসে জনগনের ঘুমের অধ্যায়ে হযরত ওমরের ছেলে আব্দুল্লাহর বর্ণিত হাদীসে পাবেনঃ

اِنَّهٗ كَانَ يَنَامُ وَهُوَ شَابٌّ اَعْزَبُ لَا اَهْلَ لَهٗ فِىْ مَسْجِدِ النَّبِىِّ ص-

অর্থাৎ অবশ্যই ওমরের ছেলে আব্দুল্লাহ যুবক বয়সে নবীর (সঃ) মসজিদে ঘুমোতেন।[৫৬]

স্ত্রীর সাথে ক্রোধান্বিত হয়ে হযরত আলীর ও আসহাবে সূফফার ঘুমাবার দলীলও পাবেন বুখারীতে।[৫৭]

তিরমিজিতে পাবেন ঃ

عَنْ اِبْنِ عُمَرَ قَالَ كُنَّا نَنَامُ عَلٰى عَهْدِ رَسُوْلِ اللهِ فِىْ الْمَسْجِدِ وَنَحْنُ شَبَابٌ-

অর্থাৎ - ইবনে ওমর (রাঃ) বলেছেন, আমরা রাসুলে (সঃ)র জামানায় মসজিদে ঘুমিয়ে থাকতাম অথচ আমরা যুবক। আবু ঈসা বলেন, হাদীসটা হাসান ও সহীহ।[৫৮]

আল্লাহতায়ালা বলেন, আমার শেষতম নবীর (সঃ) উম্মতের মধ্যে থেকে এমন একটা দল গঠিত হবে যাদেরকে আমি বিনা হিসাবে জান্নাত দেবো। তাদের পরিচিতি হচ্ছেঃ তারা কাঁধে ও পিঠে বেডিং নিয়ে সারা দুনিয়ায় মুসাফির অবস্থায় তাবলীগ করে বেড়াবে।[৫৮ (ক)] এ তথ্য পাবেন এ আয়াতের মধ্যে ঃ

دَاعِيًا اِلَى اللهِ بِاِذْنِهٖ وَ سِرَا جًا مُّنِيْرًا- اَلْاَحْزَابْ- ٤٦

সমমর্মের ১২টা হাদীস ইবনে কাছীরে বিবৃত হয়েছে।

১৪নং – তাবলীগ সম্পর্কে মুফতী শফী (রঃ), ক্বারী তৈয়ব সাহেব (রঃ) ও হযরত থানভী (রঃ)-এঁর মহান বাণী

তাবলীগ ও দাওয়াতের কাজে কোন অবস্থাতেই সাহস হারানো উচিত না - মুফতী শফী (রঃ)। মাওলানা ইলিয়াস নৈরাশ্যকে আশায় রুপান্তরিত করেছে- হযরত থানভী (রঃ)।[৫৮গ]

কেউ যদি এটা দেখতে চাও যে, হযরত সাহাবা কিরাম কেমন ছিলেন? তাহলে এই মানুষদেরকে (তাবলীগ জামাত) দেখে নাও - হযরত থানভী (রঃ)।[৫৮ঘ] অধুনা মুসলিম সম্প্রদায়ের আশ্রয়স্থল শুধু দুটি ঃ একটি ধর্মীয় মাদ্রাসা, অপরটি এই তাবলীগী কাজ। ক্বারী তৈয়ব সাহেব (রঃ) [৫৮ঙ]।

www.eelm.weebly.com

প্রশ্ন নং- ১৫

জিহাদের সঠিক অর্থ ও উদ্দেশ্য কি? প্রকৃত জিহাদ কাকে বলে? তাবলীগ করাও কি জিহাদ?

উত্তর ঃ

মহাস্রষ্টার এ সৃষ্ট বাগিচার প্রত্যেকটা আমল বা কাজই সৃষ্টিগতভাবে দু প্রকার ঃ [৫৯]

ক) সৃষ্টিগত উত্তম (যেমন ঈমান) এবং

খ) সৃষ্টিগত অনোত্তম/ মন্দ (যেমন কুফরী)।

সৃষ্টিগত উত্তম ২ প্রকার। যথা- ক) স্বয়ং উত্তম/ - حَسَنٌ لِعَيْنِهٖ

খ) কারণ বশতঃ উত্তম/ — حَسَنٌ لِغَيْرِهٖ

সৃষ্টিগত মন্দও আবার ২ প্রকার। যথা- ক) স্বয়ং মন্দ (قَبِيْحٌ لِعَيْنِهٖ)

খ) কারণ বশতঃ মন্দ - قَبِيْحٌ لِغَيْرِهٖ

তাবলীগ সৃষ্টিগত ও স্বয়ং উত্তম। ওজু নামাজের কারণে উত্তম। আর আত্রিক জিহাদ স্বয়ং মন্দ কিন্তু কারণ বশতঃ উত্তম গন্য হয়। যা স্বয়ং মন্দ তা সবার জন্য সর্বদাই পালনীয় হতে পারে না।[৫৯] তাই "জিহাদ ফরজে কিফায়া" অবশ্য স্থানকাল ও শর্তভেদে ফরজও হয়।[৬০] -- এজন্যে আমরা সর্বদাই অন্তরে জিহাদের নিয়ত রাখবো।

প্রত্যেক শব্দের ৩ প্রকার অর্থ থাকে- এরও আছে। জিহাদ এর অর্থ ৩ টে। যথা ক) আভিধানিক অর্থ, খ) পারিভাষিক অর্থ এবং গ) শরয়ী অর্থ।

জিহাদের আভিধানিক অর্থ ঃ

জিহাদ শব্দটা 'জাহ্দুন' ধাতু থেকে নির্গত। এর বুৎপত্তিগত অর্থ হচ্ছে চেষ্টা করা, আপ্রাণ চেষ্টা করা, কষ্ট করা, চিন্তাশীল হওয়া, উদ্যোগ নেয়া।[৬১]

পারিভাষিক অর্থ ঃ যুদ্ধ, ধর্মীয় যুদ্ধ, অস্ত্রের যুদ্ধ।

আমাদের দেশের প্রচলিত প্রথার, কৃষ্টি, কালচার ও অর্থের সিংহ ভাগই হয় ভুল, নয় ভ্যাজাল/বিদয়াত/শিরক/ কুফরী বিধায় তা শরীয়তে গ্রহণযোগ্যতা তো রাখেই না বরং বাতিল বিবেচিত।

শরয়ী অর্থ ঃ

ইসলামের প্রচার- প্রতিষ্ঠাকল্পে সকল প্রকার চেষ্টা প্রচেষ্টা ও সাধনাকে শরীয়তের ভাষায় জিহাদ বলা হয়। এ চেষ্টা মুখের দ্বারায় হোক, কলমের দ্বারায় হোক অথবা কাফেরের বিরুদ্ধে অস্ত্রের দ্বারায় হোক।[৬২ক]

কুরআনের দুটো শব্দ দু অর্থে ব্যবহৃত হয়েছে। 'জিহাদ' ও 'ক্বিতাল'। একটা আম, অপরটা খাস। জিহাদ শব্দটা ব্যাপক ও উল্লেখিত অর্থের, ক্বিতাল শব্দের দ্বারায় শুধুমাত্র অস্ত্রের লড়াইকেই বুঝানো হয়েছে। মক্কাবতীর্ণ সুরায় ও জিহাদের আয়াত আছে। অথচ, সেখানে কোনও দিনই যুদ্ধ হয়নি।

জিহাদের ক্ষেত্র ৩টে। যথা- ক) স্বয়ং

খ) স্ব-পরিবার ও স্বসমাজ এবং

গ) জনপদ বিধ্যুষিত গোটা জগত।

-এ মোতাবেক তালিম, তাবলীগ ও তাজকিয়া এবং এ ব্যাপারে অর্থ সংস্থান ও স্থাপনা, লেখনী ও প্রকাশনা, ধর্মীয় যুদ্ধ পরিচালনা এসব বিষয়ে যাবতীয় চেষ্টা সাধনা ও প্লান-পরিকল্পনা

সবই হাদীসের ভাষায় জিহাদ হিসেবে বিবেচিত হয়।

নবীর ঘোষনায়- মাদ্রাসায় অধ্যয়ন ও অধ্যাপনায় এর চেয়েও ঢের বড় জিহাদ হয়। কোনও গার্জেন যদি তার মাদ্রাসায় পাঠরত ছেলেমেয়ের জন্যে খরচ পাঠিয়ে দেয় তাহলে প্রতি টাকার বিনিময়ে ৭০০ টাকার ছওয়াব পাবে। যদি নিজে নিয়ে যায় তাহলে ৭ লাখ টাকার ছওয়াব পাবে। আর ছাত্র স্বয়ং প্রতিটি বদনী ইবাদতের বিনিময়ে ৪৯ কোটিগুন ছওয়াব পাবে। কেননা তালেবুল ইল্‌ম মুজাহিদ সমতুল্য।[৬২(খ)]

وَجَاهِدْهُمْ بِهِ جِهَادًا كَبِيرًا ۝ الفُرْقَان ۝ اية ٥٢

অর্থাৎ - শত্রুদের কাছে কুরআনের তাবলীগ কর।- এটা বড় জিহাদ।

এখানে 'জিহাদ' শব্দের অর্থ প্রচার/ পৌছানো/ তাবলীগ করা/ দাওয়াত দেয়া। তখনও যুদ্ধ বিধান অবতারিত হয়নি। মক্কাবতীর্ণ এ আয়াতে তাফসীরে মায়ারিফুল কুরআনে এর অর্থ করেছেঃ "কুরআনের বিধি বিধান প্রচার করা।" "কুরআনের দাওয়াত প্রচার করা বড় জিহাদ।"[৬৩(ক)] কুরআনের তাবলীগ বড় জিহাদ।[৬৩(খ)]

সুতরাং, "তাবলীগ" স্বয়ং শাশ্বতঃ, সম্পূর্ণ ও শ্রেষ্ঠতম জিহাদ।

অন্যত্র ঃ (১৭ পা. শেষ পৃষ্ঠা) -وَجَاهِدُوا فِي اللهِ حَقَّ جِهَادِهِ

অর্থাৎ - তোমরা আল্লাহর জন্য আপ্রাণ চেষ্টা কর।[৬৪]

উক্ত আয়াতে 'জিহাদে'র অর্থ শুধু অস্ত্রের যুদ্ধ নয় বরং দ্বীন কায়েমের জন্যে তাবলীগ, তা'লিম ইত্যাদি সকল প্রকার চেষ্টা-সাধনা-মেহনত-মোজাহাদাকে ব্যাপক অর্থে বুঝানো হয়েছে।

www.eelm.weebly.com

জিহাদের উদ্দেশ্য ঃ

ঈমান ও নেক আমলের প্রচার প্রতিষ্ঠাই জিহাদের মূল উদ্দেশ্য।[৬৫] ইসলামের জন্যে সমগ্র বিশ্বকে বাধামুক্ত করাই জিহাদের উদ্দেশ্য।[৬৬] অস্ত্রের জোরে ইসলাম গ্রহণে বাধ্য করা যে জিহাদের উদ্দেশ্য নয়, তার সূর্যোজ্জ্বল প্রমাণ হচ্ছে যিম্মী ও জিজিয়া দানকারী কাফেরদের সাথে জিহাদ করা হারাম বরং তাদের স্বাকীয়তা সংরক্ষণ করা ইসলামী সরকারের জন্যে ফরজ।[৬৭]

- দুর্‌রে মুখতার, দ্বিয়্যত অধ্যায়ের সূচনালোচনাতেই অকাট্য প্রমাণসহ পাবেন ইনশাল্লাহ।

প্রকৃত জিহাদ কি?

যে জিহাদ শুধুমাত্র ইসলামের বিস্তৃতির জন্যেই করা হয় তাকেই প্রকৃত জিহাদ বলে। এ প্রশ্নের জবাব স্বয়ং নবীজীই (সঃ) দিয়েছেনঃ একজন নবীর(সঃ) কাছে এসে জিজ্ঞেস করলেন, লোকেরা জিহাদ করে গানিমাত, প্রসিদ্ধি, প্রদর্শনী, রাগ, রাষ্ট্র, হিংসা ও সাম্প্রদায়িকতা ইত্যাদির উদ্দেশ্যে,কারটা জিহাদ ফি সাবিলিল্লাহ? হজরত জবাবে বললেনঃ যে সব জিহাদ একমাত্র আল্লাহর কলেমাকে সমুন্নত করার লক্ষ্যে হয়ে থাকে সেটাই জিহাদ ফি সাবিলিল্লাহ।[৬৮]

কালেমাকে উন্নত করার উদ্দেশ্যঃ দাওয়াতে তাবলীগ করা - হযরত থানভী (রাঃ)।

مَنْ قَاتَلَ لِتَكُوْنَ كَلِمَةُ اللهِ هِىَ الْعُلْيَا فَهُوَ فِىْ سَبِيْلِ اللهِ – بُخَارِىْ

উপসংহার ঃ জিহাদ এক প্রশস্ত অর্থের শব্দ। দ্বীনের উদ্দেশ্যে যে মেহনাত-মোজাহাদা, চেষ্টা-সাধনা করা হয় তা জিহাদের প্রশস্ত অর্থের অন্তর্ভূক্ত। সুতরাং, দ্বীনের সকল শাখার প্রত্যেকটা কর্মীই কুরআনিক জিহাদের লক্ষ্য বিন্দু। কোনও একটা শাখাকে নির্দিষ্টভাবে কুরআনিক জিহাদের লক্ষ্যবিন্দু স্থির ক'রে অন্যান্য শাখাসমূহকে তার থেকে বের করে দেয়া জিহাদ শব্দের অর্থ বুঝবার ব্যাপারে নিতান্ত অজ্ঞতারই পরিচয়।[৬৯]

সুতরাং, খুলুসিয়াতের সাথে সুন্নাতমতে দ্বীনের যে কোনও কাজের চেষ্টা- প্রচেষ্টাকে শরীয়াতের ভাষায় জিহাদ বলা হয়। অতএব, তাবলীগও একটা জিহাদ বরং বড় জিহাদ।

প্রশ্ন নং- ১৬

বর্তমানে দেশে বিরাজমান বিভিন্ন মতাবলম্বীতে বিশ্বাসী ইসলামী রাজনৈতিক দল গঠন হচ্ছে। আর এ সমস্ত ইসলামী দলগুলো বিভিন্ন যুক্তি প্রমাণ দিয়ে আমাদেরকে তাদের দলে আহবান করছে। আর বলে থাকে, শুধু দাওয়াতে তাবলীগের মেহনতের কাজ করলে চলবে না, রাজনীতি জিহাদ ইত্যাদিও করতে হবে।

এমতাবস্থায় আমরা যদি কোন রাজনৈতিক দলে যোগ না দিই এবং শুধু তাবলীগের মেহনত করি তাহলে শরীয়তের দৃষ্টিতে আমাদেরকে দায়ী হতে হবে কি? এই সমস্যার সমাধান কি?

উত্তর ঃ

রাজনীতি ইসলামের বহির্ভূত নয়; অন্তর্ভুক্ত। তবে তা নববী পদ্ধতিতে হতে হবে; পাশ্চাত্য-পদ্ধতিতে নয়। আব্রাহাম লিংকনের রাজনৈতিক দর্শন শিরক সংযোজন নয় কি? কোন

দল/আন্দোলনে ৫টি শর্ত সাপেক্ষে যোগদান করা যায়, অন্যথায় নয়। যথা-

১। সংশ্লিষ্ট দল ঈমান ও আকায়েদের খেলাফ হতে পারবে না।

২। দলের সাংগঠনিক বিধি ও কর্ম-পদ্ধতি শরীয়তের খেলাফ হতে পারবে না।

৩। কোনও অদৃশ্য হাতের পুতুল দল হতে পারবে না।

৪। কোনও মূল ও হক দল থেকে উদ্ভূত/ নির্গত / শাখা/ উপদল হতে পারবে না, যদিও উক্ত ৩টি শর্ত, সিফাত ও সূরাত সব ঠিক থাকে। কেননা, শাখা সম্পর্কে রাসুল (সঃ) জাহান্নামী ঘোষনা করেছেন আর আমার আল্লাহ নিষেধ ক'রেছেন।

৫। আশাব্যঞ্জক সাফল্য ও স্ব স্ব আমীরের পরামর্শ প্রয়োজন।

জিহাদ ঃ সব রাজনীতি জিহাদ নয়, কিন্তু সব জিহাদ রাজনীতি। আর জিহাদ ইসলামী বাগিচার একটা বিশেষ পুষ্প মাত্র।

রাজনীতি না করলে, জিহাদ করা হলো না, এ ধারনা অজ্ঞতাপ্রসূত। জিহাদের প্রকৃত ও ব্যাপক অর্থে তাবলীগ স্বয়ং একটা জিহাদ। 'কুরআনের তাবলীগ করা বড় জিহাদ।' [৭৩]

يَاَيُّهَا الرَّسُوْلُ بَلِّغْ مَا اُنْزِلَ اِلَيْكَ مِن رَّبِّكَ

অর্থাৎ - হে রাসুল (সঃ) তাবলীগ কর, যা তোমার প্রভুর পক্ষ থেকে তোমার কাছে নাজিল হয়েছে তার। [৭৩খ] অর্থাৎ কুরআনের।

www.eelm.weebly.com

এছাড়াও জিহাদ ফরজে কিফায়া [৭১] বিধায় অন্তরায় কোথায়?

আল্লাহতায়ালা জিহাদের তথা ইসলামী রাজনীতির দায়মুক্ত করে স্বতন্ত্রভাবে শুধুমাত্র তাবলীগ করার আদেশ দিয়েছেন ঃ

ولتكن منكم امة يدعون إلى الخير – العمران اية ١٠٤

অর্থাৎ - তোমাদের মধ্যে থেকে এমন একটা পৃথক দল গঠন করো যাদের মূল দায়িত্ব হবে মঙ্গলের দিকে দাওয়াত দেয়া।[৭২]

এ আয়াতে আল্লাহপাক স্বতন্ত্রদেরকে শুধুমাত্র দাওয়াতে তাবলীগের দায়িত্ব দিয়ে অন্যান্য সকল দায়িত্ব থেকে অব্যহতি দিয়েছেন।

হযরত থানভী (রঃ) লেখেন তাবলীগের কাজে বিশেষ গুরুত্ব দেয়া উচিত। কেননা, আমরে বিল মারুফ ওয়া নাহি আনিল মুনকার দ্বারা তাবলীগই উদ্দেশ্য।[৭৩ক]

পক্ষান্তরে, রাজনীতি সম্পর্কে বলেন ঃ মনে রেখ, রাজনীতি উদ্দেশ্য নয়, বরং আসল উদ্দেশ্য আল্লাহর সন্তুষ্টি।[৭৩খ]

یاد رکھو! سلطنت مقصود بالذات نہین، بلکہ اصلمقصود رضاءِ حق ہے

জিহাদ না করেও তাবলীগীরা জান্নাতী ঃ

فضل الله المجاهدين باموالهم وانفسهم على القاعدين درجة ط وكلا وعدالله الحسنى

অর্থাৎ যারা জান ও মাল দ্বারা জিহাদ করে আল্লাহ তাদের পদ-মর্যাদা বাড়িয়ে দিয়েছেন যারা ঘরে বসে আছে তাদের তুলনায় এবং সকলের সাথেই আল্লাহ মঙ্গলের ওয়াদা করেছেন।[৭৪]

উক্ত আয়াতের তাফসীর ঃ

যারা জিহাদ ছাড়া অন্যান্য ধর্মীয় কাজে নিয়োজিত থাকেন তাঁদেরকেও আশ্বস্ত করা হয়েছে অর্থাৎ জান্নাতের সুসংবাদ দেয়া হয়েছে।

www.eelm.weebly.com

সমমর্মের বুখারীর সহীহ হাদীস দেখবেন কি?

عَنْ اَبِىْ هُرَيْرَةَ رَضِى قَالَ قَالَ النَّبِىُّ ص مَنْ اٰمَنَ بِـــاللهِ وَبِرَسُوْلِه وَاَقَامَ الصَّلٰوةَ وَصَامَ رَمَضَانَ كَانَ حَقًّا عَلَـى اللهِ اَنْ يُّدْ خِلَهُ الْجَنَّةَ جَاهَدَ فِىْ سَبِيْلِ اللهِ اَوْ جَلَسَ اَرْضِهِ اَلَّتِـىْ وُلِدَ فِيْهَا - كِتَابُ الجِهادِ، ص ٣٩١

অর্থাৎ ঃ যে আল্লাহ ও তার রাসুলের উপর ঈমান এনেছে, নামাজ আদায় করেছে, রমজানের রোজা রেখেছে, আল্লাহতায়ালা তার জন্যে সিদ্ধান্ত নিয়ে রেখেছেন যে, তাকে জান্নাতে প্রবেশ করাবেন-সে আল্লাহর রাস্তায় জিহাদ করুক অথবা জন্মভুমিতেই অবস্থান করুক।[৭৬]

পরিশেষে বলা যায়, সপ্ত মহাদেশ বিস্তৃত এ নবুওয়াতী কাজের উসুল অনুযায়ী আমীর বা শুরার পূর্ণ আনুগত্য রেখে নুন্যতম ৫ কাজ আমরণ অব্যাহত রাখেন তাহলে উক্ত আল্লাহর ঘোষনায় ও নবীর স্বচ্ছ ভাষায় শুধু নির্দোষ নয়, জান্নাত দেয়ার ওয়াদা রয়েছে বরং বিনা হিসেবে জান্নাত দেবার সুসংবাদও দিয়েছেন। 'তাবলীগ' জান্নাতের রাজপথ।

দুটো শব্দ স্মরণার্হ, উদ্দেশ্য ও উপায় । ইসলামের উদ্দেশ্য একামাতে দ্বীন, আর রাজনীতি হচ্ছে তার উপায়। 'উপায়'কে উদ্দেশ্য ভাবা বড় অজ্ঞতার কথা! উপায়কে উদ্দেশ্য ভাবা গাড়ীকে বাড়ী ভাবার বোকামী নয় কি? হায় গাড়ীর আশায় গোটা জীবনটাই তোমার স্টেশানে কাটিয়ে দেবে কি?

রাজত্ব ও রাজনীতির মধ্যে ধর্মনীতি আদৌ ঢুকবেনা এ ধারনা যেমন ভুল তেমনি রাজনীতিকে ধর্মের মূল উদ্দেশ্য ভাবাও তদাপেক্ষা মারাত্মক ভুল। প্রকৃতপক্ষে ধর্মের আসল উদ্দেশ্য হচ্ছে, খোদার সাথে বান্দার সম্পর্ক (تَعَلُّقٌ مَعَـا للهِ) গড়ে তোলা। তা বিকশিত হয় ইবাদত ও আনুগত্যের দ্বারা। রাজনীতি ও রাষ্ট্রীয় ক্ষমতা এ উদ্দেশ্য অর্জনেরই একটা উপায় বিশেষ, তা না উদ্দেশ্যের বিকাশ, না একামাতে দ্বীনের উদ্দেশ্য তার ওপর নির্ভরশীল।

সুতরাং, ইসলাম সেই রাজনীতি ও ক্ষমতা চায় যা উদ্দেশ্যের সহযোগী হয়, তার বিপরীত যে রাজনীতি-এ উদ্দেশ্য পুরনের পরিবর্তে আসল উদ্দেশ্যের মধ্যে রক্ত সৃষ্টি করে, ক্ষতবিক্ষত, তা ইসলামী রাজনীতি নয়, যদিও তার নাম রাখা হয় ইসলামী.....!

www.eelm.weebly.com

প্রশ্ন নং- ১৭

কুরআনে 'তাবলীগ' ও 'রাষ্ট্রীয় ক্ষমতা অর্জন করা'র প্রত্যক্ষ আদেশ আছে কি?

উত্তর ঃ

তাবলীগ করার প্রত্যক্ষ আদেশ আছে কিন্তু রাষ্ট্রীয় ক্ষমতা অর্জনের প্রত্যক্ষ আদেশ নেই, আছে দানের ইশারা ও শর্ত।

সুতরাং, সিংহাসন হাসিলের নয়, প্রাপ্তির। প্রাপ্তির জন্যে প্রয়োজন শর্ত পুর্তির। পুর্তির নিমিত্তে প্রয়োজন প্রচারনা বা তাবলীগ। তাবলীগ করার প্রত্যক্ষ আদেশ এ আয়াতেও আছে।

يَاأَيُّهَا الرَّسُوْلُ بَلِّغْ مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ

অবিকল অর্থ ঃ হে রাসুল (সঃ) তাবলীগ কর তোমার রবের পক্ষ থেকে তোমার কাছে যা কিছু নাজিল করা হয়েছে তার।[৭৮] 'بَلِّغْ' শব্দের অর্থ "তাবলীগ কর"-এ আদেশমূলক শব্দটা বাবে তাফয়ীলের মাযদার থেকে উদ্ভূত। "তাবলীগ কর" শব্দটা কুরআনেরই শব্দ।

الَّذِيْنَ يُبَلِّغُوْنَ رِسٰلٰتِ اللهِ وَيَخْشَوْنَهٗ وَلَا يَخْشَوْنَ اَحَدًا اِلَّا اللهُ وَكَفٰى بِاللهِ حَسِيْبًا ۰ الاَحْزَاب اية ٣٩

অর্থাৎ ঃ যারা আল্লাহর রেসালাতের তাবলীগ করবে, তাঁকে ভয় করবে আর একমাত্র আল্লাহকে ছাড়া কাউকে ভয় করবে না এবং তাদের হিসেব নেবার জন্যে আল্লাহই যথেষ্ট। ৭৮

কুরআনে তাবলীগ সম্পর্কে ৬০টি আয়াত আছে ।[৭৯]

اَلَّذِيْنَ اِنْ مَّكَّنّٰهُمْ فِى الْاَرْضِ اَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ وَاَمَرُوْا بِالْمَعْرُوْفِ وَنَهَوْا عَنِ الْمُنْكَرِ ط وَلِلّٰهِ عَاقِبَةُ الْاُمُوْرِ ۰ الحج، اٰية ٤١

[illegible] ঃ [illegible] এমন লোক যাদেরকে আমি পৃথিবীতে শক্তি সামর্থ দান করলে তারা নামাজ [illegible] করবে, যাকাত দেবে এবং সৎ কাজে আদেশ ও অসৎ কাজে নিষেধ করবে।[৮০]

www.eelm.weebly.com

এ আয়াত সাহাবা কিরামের চরম আনুগত্যতার ও বিশ্বস্ততার বহিঃপ্রকাশ কিন্তু রাষ্ট্র কায়েমের আদেশ নয়।

প্রশ্ন নং- ১৮

কুরআনের তাফসীরী মাজলিসে না বসা কুরআনের প্রতি অবজ্ঞা নয় কি?

উত্তর ঃ

অবজ্ঞার নিয়তে না বসা অবজ্ঞা, কারণ বশতঃ অবজ্ঞা নয় বরং কখনও অবৈধও হয়। সুতরাং বৈধ তাফসীরী মাজলিসে বসা বৈধ, আর অবৈধ তাফসীরে বসাও অবৈধ।

"মনগড়া তাফসীরকারীদের মাজলিসে বসা জায়েজ নয়। যারা কুরআন পাকের দরস ও তাফসীরের মধ্যে সালফে-সালেহীনের অনুসরণ করে না, তাঁদের তাফসীরের বিপরীত নিজেদের মনগড়া ও কল্পনা প্রসূত ব্যাখ্যা অপব্যাখ্যা প্রদান করে, তাদের দরস বা তাফসীরের মাজলিসে বসা, কুরআনের স্পষ্ট বর্ণনা অনুসারে নাজায়েজ ও গুনাহ। [৮১]

কোনও সময় ভুলক্রমে বা না জানার কারনে যদি কেউ এমন অবাঞ্ছিত কোন মাজলিসে উপস্থিত হয়, তবে মনে পড়া বা বুঝতে পারা মাত্রই তৎক্ষনাৎ উক্ত মজলিস থেকে সরে যাওয়া একান্ত কর্তব্য। অন্যথায়, চরম অন্যায় ও অপরাধ হবে । [৮২]

"তাদের মাজলিসে বসা বা যোগদান করা মুসলমানদের জন্য হারাম।" [৮৩]

বাতিলপন্থীদের মাজলিসে উপস্থিতি ....ও তাদের কুফরী চিন্তাধারার প্রতি সম্মতি ও সন্তুষ্টি সহকারে যোগদান করাটা মারাত্মক অপরাধ ও কুফরী। [৮৪]

উল্লেখিত মতামতের স্বপক্ষে নিম্নোক্ত আয়াতদ্বয়ও সমর্থন ব্যক্ত করছে ঃ

وَإِذَا رَأَيْتَ الَّذِينَ يَخُوضُونَ فِي آيَاتِنَا فَأَعْرِضْ عَنْهُمْ وَإِمَّا يُنسِيَنَّكَ الشَّيْطَانُ فَلَا تَقْعُدْ بَعْدَ الذِّكْرَىٰ مَعَ الْقَوْمِ الظَّالِمِينَ ۝

الْأَنْعَام اية ٦٨

অর্থাৎ ঃ যারা আমার আয়াত থেকে ছিদ্রান্বেষণ করে তাদের কাছ থেকে সরে যাও যদি শয়তান ভুলিয়ে দেয় স্বরণ হবার পর জালেমদের সাথে আর বসোনা। [৮৫]

www.eelm.weebly.com

অন্যত্র,

اِذَا سَمِعْتُمْ اٰيٰتِ اللّٰهِ يُكْفَرُ بِهَا وَيُسْتَهْزَأُ بِهَا فَلَا تَقْعُدُوْا مَعَهُمْ حَتّٰى يَخُوْضُوْا فِيْ حَدِيْثٍ غَيْرِهٖٓ ۚ اِنَّكُمْ اِذًا مِّثْلُهُمْ ۗ اِنَّ اللّٰهَ جَامِعُ الْمُنٰفِقِيْنَ وَالْكٰفِرِيْنَ فِيْ جَهَنَّمَ جَمِيْعًا ۙ ١٤٠

অর্থাৎ যখন আল্লাহ তায়ালার আয়াত সমূহের প্রতি অস্বীকৃতি ও বিদ্রুপ হতে শুনবে, তখন তোমরা তাদের সাথে তাদের মাজলিসে বসবে না, তা হলে তোমরাও তাদেরই মত হয়ে যাবে। [৮৬]

প্রশ্ন নং- ১৯

আক্বীদার খেলাফ অথবা বাতিল পন্থীদের বই পুস্তক পড়া জায়েজ আছে কি?

উত্তর ঃ

এর জাওয়াব ১৮ নং প্রশ্নেই নিহিত আক্বীদার খেলাফ/ বাতিলপন্থীদের ভাবধারা অধ্যয়ন করাও সাধারন লোকদের ভ্রষ্টতার কারণ বিধায় তা নাজায়েজ। হ্যাঁ, দক্ষ ওলামায়ে কিরামগনের জন্য স্বতন্ত্র ব্যাপার। [৮৭]

প্রশ্ন নং- ২০

সূরায়ে ফাতিহা কুরআানের অন্তর্ভূক্ত? - না বহির্ভূত! একে হাদীসে কুরআনের ভুমিকা বলা হয়েছে। আর ভুমিকা তো বইয়ের বহির্ভূতই হয়ে থাকে। তাই নয় কি?

উত্তর ঃ

অবশ্যই কুরআনের অন্তর্ভূক্ত। বরং সমস্ত আসমানী কিতাব ও গোটা কুরআনের মধ্যে সর্বোত্তম সূরা হিসেবে নবীর (সঃ) ঘোষনা রয়েছে। বহির্ভূত বিশ্বাসে ঈমান থাকবে না সাথে সাথে কাফের হয়ে যাবে।

বইয়ের জ্ঞানে কুরআন ধরা সাপুড়ে না হয়ে সাপধরাই বৈ কি!

তাইতো কোন কোন আসরে দেখা যায় ঢের মুসল্লী, মু'মিন নেই একটাও। ইঞ্জিনীয়ারিং জ্ঞানে গ্লেব্লাডার অপারেশানে রোগী বাঁচে কি?

www.eelm.weebly.com

বইয়ের ভূমিকা বইয়ের বহির্ভূত হলেও কুরআনের ভূমিকা অন্তর্ভূক্ত। কেননা, কুরআন-রচনার নীতি কি বই লেখার নীতির অধীন? নায়ুজু বিল্লাহ্। হায়রে জ্ঞান! এ জ্ঞানই অজ্ঞানের মূল, অজ্ঞতাই ধ্বংসের মূল।

ফাতিহার অনেক নাম আছে। যেমনঃ উম্মুল কুরআন, উম্মুল কিতাব, কুরআনে আযীম, ফাতিহাতুল কিতাব ইত্যাদি সহীহ হাদীস দ্বারা প্রমাণিত। এ সূরা যে কুরআনের অন্তর্ভূক্ত তা এ নামেও প্রমাণিত হচ্ছে। এছাড়াও হাদীসের দলীল রয়েছে, বোখারীর দলীল রয়েছে-রয়েছে কুরআনের দলীলও।

হাদীসের দলীল ঃ

ক- বোখারী শরীফে হযরত আনাস (রাঃ) থেকে বর্ণিত আছে যে, রাসুল (সঃ) এরশাদ করেছেন, সমগ্র কুরআনে সব চাইতে গুরুত্বপূর্ণ সুরা হচ্ছে اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ [৮৮]

খ- "সুরা ফাতিহা সমগ্র কুরআনের মূল অংশ।"[৮৯]

গ- হযরাত আবু যাঈদ বিণ মুয়াল্লা (রাঃ) বলেন যে, একদিন নবী (সাঃ) আমাকে ডেকে বল্লেন ঃ

'সমগ্র কুরআনের মধ্যে সবচেয়ে মহান সূরা কোন্‌টি -- তা তোমাকে জানায়ে দোবো কি?' -- জানতে চাইলে তিনি বলেন ঃ

' আলহামদুলিল্লাহি রাব্বিল আলামীন ----

যে মহান কুরআন বিশেষ ৭টা (আয়াত) বার বার পঠিত হয় - তা আমাকে দান করা হয়েছে।"

قَالَالنَّبِيُّ ص اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَا لَمِيْنَ هِىَ سَبْعُ الْمَثَانِىْ وَ الْقُرْاٰنُ الْعَظِيْمُ الَّذِىْ اُوْتِيْتُهُ ، كتابُ التَّفْسيرِ ج٢ صـــــ ٦٤٢

কুরআনের দলীল ঃ

وَلَقَدْ اٰتَيْنٰكَ سَبْعًا مِّنَ الْمَثَانِىْ وَالْقُرْاٰنَ الْعَظِيْمَ ٠

অর্থাৎ ঃ আমি আপনাকে অবশ্যই দিয়েছি ৭টা বারবার পঠিতব্য মহান কুরআন বিশেষ।[৯১]

এখানে 'ওয়াও' এর অর্থ 'বিশেষ'।[৯২] বুখারীতে হযরত আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসুল (সঃ) বলেছেন যে, এই ৭টা আয়াত এবং মহান কুরআনের লক্ষ্য হচ্ছে, "সূরায়ে ফাতিহা।" [৯২ক]

www.eelm.weebly.com

হযরত আবু সাইদ বিন মুয়াল্লা (রাঃ), হযরত ইবনে কায়াব (রাঃ) প্রমূখ থেকে বোখারী, মুসলিম, মুয়াত্তায়ে ইমাম মালেক (রঃ) ইত্যাদিতে মারফুয়ান সহীহ হাদীস থেকে প্রমাণিত হয়েছে, কুরআনে আজীম/মহান কুরআনের সর্ব প্রথম লক্ষ্য উম্মুল কিতাব/উম্মুল কুরআন/সূরায়ে ফাতিহা। এ অভিন্ন আদর্শেরই প্রবক্তা ছিলেন হযরত ওমর (রাঃ), হযরত আলী (রাঃ), ইবনে আব্বাস ও অব্বাস (রাঃ,তুমা) ইব্রাহিম নাখয়ী (রহঃ), আব্দুল্লাহ বিন ওবাঈদ (রহঃ), হযরত হাসান বসরী রহঃ, মুজাহিদ রহঃ, হযরত কাতাদাহ রহঃ, শায়খুল ইসলাম ইবনে তাইমিয়া রহঃ, ইবনে কাছির রহঃ প্রমূখ ওলামায়ে রাছেখীনও।[৯৩]

আলোচনা : উক্ত আলোচনা থেকে প্রমাণিত হচ্ছে যে, সুরায়ে ফাতিহা অবশ্যই কুরআনের অংশ।

প্রশ্ন নং ২১

আমরা কোন দলে যোগ দেবো?

উত্তর :

আলোচনা : চৌমাথায় দাঁড়িয়ে আজ দিশেহারা হয়ে গেছে চিন্তাশীল সমাজ। কোন পথে যাবো? এর সমাধান হয়ে আল্লাহপাক দিয়েছেন সূরা ইয়াসীনে। প্রত্যেক জিনিষের একটা দীল থাকে। সূরা ইয়াসীনের দীল হচ্ছে "দাওয়াত"। এখানে আল্লাহ তায়ালা বলেনঃ

اِتَّبِعُوْا مَنْ لَّا يَسْئَلُكُمْ اَجْرًا وَّهُمْ مُّهْتَدُوْنَ ۝

অর্থ : তোমরা সেই দলে যোগদান কর যারা জাগৎব্যাপী দ্বীনের দাওয়াত দিয়ে বেড়ায় অথচ কোন বিনিময় চায় না এবং তারাই হেদায়েত প্রাপ্ত।[৯৪]

ব্যাখ্যা : যে দল বিনা পারিশ্রমিকে জগদ্ব্যাপী দ্বীনের দাওয়াত দিয়ে বেড়াচ্ছে সেই দলে যোগ দেয়ার নির্দেশ দিয়েছেন আল্লাহ তায়ালা।

প্রশ্ন নং- ২২

৫ কাজ কুরআনের কোথাও নেই, অথচ আপনারা ৫ কাজকেই তাবলীগের আসল কাজ বলছেন ! এখন, এটা বেদয়াত? - না হেদায়াত ?

উত্তর : হ্যাঁ, - এটা হেদায়াত। ৫ কাজের মধ্যে হেদায়াত নিহিত আছে। পাঁচ কাজ মূলত মসজিদ আবাদেরই কাজ। যারা মসজিদ আবাদ ক'রবে আল্লাহপাক তাদেরকে শীঘ্রই হেদায়ত করে দেবে ঘোষণা দিয়েছেন। এবার পড়ুন তার প্রসাঙ্গিক আয়াত ঃ

www.eelm.weebly.com

إِنَّمَا يَعْمُرُ مَسٰجِدَ اللهِ مَنْ اٰمَنَ بِاللهِ وَ الْيَوْمِ الْاٰخِـــرِ وَ اَقَـامَ الصَّلٰوةَ وَ اٰتَى الزَّكٰوةَ وَلَمْ يَخْشَ اِلَّا اللهَ فَعَسٰى اُولٰٓئِكَ اَنْ يَّكُوْنُوْا مِنَ الْمُهْتَدِيْنَ – التَّوبةَ-١٨

অর্থাৎ ঃ নিশ্চয়ই আল্লাহর মসজিদকে তারাই আবদ করতে পারে --- যারা আল্লাহ এবং আখেরাতকে বিশ্বাস করে, নামাজ কায়েম করে, যাকাত আদায় করে আর একমাত্র আল্লাহ ছাড়া কাউকে ভয় পায় না, সুতরাং, শীঘ্রই তারা হেদায়েতের অন্তর্ভুক্ত হয়ে যাবে।

মসজিদ আবাদের মুল কাজ হচ্ছে দুটো ঃ ১) বেনামাজীকে নামাজের জন্য দাওয়াত দেয়া। ২) তাঁদেরকে দ্বীন শেখাবার ব্যবস্থা করা । বাকী মাশওয়ারা, ৩দিন ও তদারকী সব তার ভিত্তি-সহযোগী।

মূলের ভিত্তিও মুল/ ফরজের ভিত্তিও ফরজ।

অতএব, ৫ কাজ বিদয়াত নয়; ভাই, হেদায়াত।

www.eelm.weebly.com

তাবলীগের ক্রমবিকাশ

মহানবী (দঃ) মক্কায় ৬১০ খৃষ্টাব্দে তাবলীগ শুরু করেন। ৯৫ মক্কী, মাদানী, এমন কি ইন্তেকাল পর্যন্ত তাঁর ২৩ টা বছর গোটা নবুয়াতী জিন্দেগীর প্রথম ও প্রধাণ ব্রত ছিল তাবলীগ। তাবারী (রঃ) বলেন যে, শেষ সময়ে তাঁর সবচেয়ে বেশী ভাবনার বিষয় ছিল- 'মানবজাতীর কাছে তাবলীগের জামায়াত প্রেরণ করা।'[৯৭]

খুসুসী গাশ্ত। হযরাত আবু বকর, আলী ও রাসূল (দঃ) স্বয়ং হজ্জের মৌসুমে ওকাজ, মুজন্না ও জুল মাযারের হাটে কালেমা ফেরী করছেন। ক্লান্ত, শ্রান্ত, লাঞ্ছিত ও তৃষিত হিয়া। তাওহীদের সুরমাচ্ছন্ন দৃষ্টিতে আকাবার ৬ জন ঃ ১) হযরাত আসয়াদ ২) হযরাত আওফ বিন হারিস ৩) হযরাত রাফি বিন মালিক ৪) হযরাত কৃৎবাহ বিন আমীর ৫) হযরাত উকবাহ বিন আমীর ৬) হযরাত জাবির বিন আবদিল্লাহ রাহঃ হুম।[৯৮] শাশ্বত বাণীর তাবলীগ বুঝালেন তাঁদের। তাওহীদ-নূরে পাল্টে গেল তৎক্ষনাৎ তাঁদের হৃদয়। কবুল করলেন ইসলাম। সময় যায় সময়ের গতীতে। তাঁরাও ভাবেন স্রষ্টার এ সত্যকে সবার কাছে পৌঁছুতে হবে। নিদ্রিতের জাগাবার দায়িত্ব জাগ্রতের। মানুষকে মানুষের জন্যেই করা হয়েছে নির্বাচিত। রাসূল (দঃ)- এ নব সাহাবাদের নিজ এলাকায় (মদীনায়) তাওহীদের তাবলীগ করার আদেশ দিয়ে পাঠিয়ে দিলেন। দাওয়াত দিয়ে 'দাঈ' বানালেন। সুচীত হলো চাষ। অন্যান্য সকল নবীর (আঃ) বৈশিষ্ট্যই আবেদ বানানো, আর এ নবী ও উম্মতের বৈশিষ্ট্য দাঈ বানানো। এ ৬ জন সাহাবার (রাঃ) দাওয়াতের ফসল হচ্ছে আরো ৬ জনকে[৯৯] পররর্তী বছর আকাবায় নিয়ে এলেন। তাঁরাও কবুল করলেন, চুক্তি হলো- যদিও আলো থেকে আলো ছড়ায়, -তবুও। এ চুক্তি সার্বিক সহযোগিতার চুক্তি; শুধু প্রতিরক্ষার নয়।[১০০] ---এ চুক্তি মদীনার ক্ষেত্র প্রস্তুতি। জীবন-যৌবন সর্বস্বের বিনিময়। দল নেতা আসয়াদের আবেদনে মুছায়াব (রাঃ) কে পাঠালেন মদীনায়। উঠলেন তাঁরই বাড়িতে। মদীনায় এ ব্যক্তিই প্রথম করেন নুসরাত। তৃতীয় বছরে আবার ৭২ জন মক্কায়।[১০১] চূড়ান্ত চুক্তি হলো আকাবায় (আকাবার ২য় শফথ) হুজুর (দঃ) এঁর হেদায়েত নিয়ে তাঁরা মদীনায় ফিরে দাওয়াতে তাবলীগের কাজে গভীর ভাবে আত্মনিয়োগ করেন। জান-তোড় মেহনাত করতে থাকেন। -এ ৭২ প্রাণের ফিকির এক হওয়ায় আল্লাহপাক মদীনায় প্রায় অর্ধেককে ইসলামের সু-শীতল ছায়ায় দিলেন আশ্রয়। এ কৃতিত্বের দাবীদার হযরত মুসয়াব (রাঃ)। তিনি ছিলেন রাসূল কর্তৃক মক্কা থেকে মদীনায় ৬২২ খৃষ্টাব্দে তাঁর প্রতিনিধি হিসেবে তাবলীগের উদ্দেশ্যে প্রেরিত প্রথম ব্যক্তি।[১০২] সুতরাং, প্রথম মদীনা আবাদের মূল কৃতিত্ব তাঁর।

মদীনার প্রসাশন পদ্ধতি প্রতিষ্ঠিত হওয়ায় মদীনাকেই ইসলাম প্রতিষ্ঠার উৎস মনে করা হয় কিন্তু প্রকৃত পক্ষে তা নয়। মূলত; মক্কার তাবলীগই তার উৎস স্থল; মদীনা বিকাশ স্থল। তাহলে মক্কী জীবনকে ব্যর্থ বলা যায় কি? স্বরণার্হ যে, তাঁর কোন জীবনই ব্যর্থ নয়।

www.eelm.weebly.com

হুজুর (দঃ) মক্কায় হাজ্জ ও বাণিজ্যোপলক্ষে দূরদূরান্তের আগন্তুকদের দাওয়াত দিয়ে কালেমার শাশ্বত বাণী আরবের সকল দেশে পৌছে দিয়েছিলেন। প্রথমে মদীনায়, অতঃপর আরবের পশ্চিমাঞ্চল, পূর্বাঞ্চল,উত্তর ও দক্ষিণাঞ্চল সর্বত্রই। নমুনা স্বরূপ কয়েকটার বিবৃতি দেখবেন কি ?

রাসূল (দঃ) তাবলীগ সূচনার ৫ বছর পরে তথা ৬১৫ খৃষ্টাব্দের মধ্যে ''দ্বারে আরকামে'' অবস্থান কালে কালেমার দাওয়াত কবুল করে যাঁরা মক্কার বাইরে দিগন্ত পেরিয়ে আরবের প্রান্তরে প্রান্তরে পৌঁছে দিয়েছিলেন, সেই অমর মহা মনীষীগণের কয়েকটা মাত্র নাম নীচে প্রদত্ত হচ্ছেঃ

১। হযরাত আসয়াদ বিন যুরারাহ রাঃ (মদীনা)

২। হযরাত আমর বিন মুররাহ্ রাঃ (পশ্চিম আরব)

৩। হযরাত নূমান বিন মুকাররিন রাঃ (পশ্চিম আরব)

৪। হযরাত যামাদ বিন সালাবাহ্ রাঃ (পশ্চিম আরব)

৫। হযরাত আব্দুল্লাহ বিন মাসউদ রাঃ (আরবের পূর্বাঞ্চল)

৬। হযরাত আমর বিন আবাসাহ রাঃ (আরবের পূর্বাঞ্চল)

৭। হযরাত মাসউদ বিন রিবী রাঃ (আরবের পূর্বাঞ্চল)

৮। হযরাত মাসউদ বিন আমরুল ক্বারী রাঃ (আরবের পূর্বাঞ্চল)

৯। হযরাত আবু বুরদাহ রাঃ (আরবের উত্তরাঞ্চল)

১০। হযরাত বনু হারিসাহ রাঃ (আরবের উত্তরাঞ্চল)

১১। হযরাত নূয়াঈম বিন আশয়ারী রাঃ (আরবের উত্তরাঞ্চল) ।

মক্কার আগন্তুক -এ মহামানবগণ দাওয়াতে তাবলীগ কবুল করে সবাই দাঈ বনে করেন প্রত্যাবর্তন। এ মহামানবগনই দাওয়াতে তাবলীগের মাধ্যমে আরবের বিভিন্ন দেশের বিভিন্ন গোত্রের হাজার হাজার মানুষকে ইসলামে দীক্ষা দিয়েছেন ও তাশকীল করেছেন, করেছেন উসূল মদীনায়। পূর্ণতা দিয়েছেন দায়িত্ব পালণের তৎপরতায়। আরবের সকল দেশের অধিকাংশই যখন মদীনামূখী তখন অটোমেটিক ভাবেই সরকার অবকাঠামো গঠিত হল। প্রতিষ্ঠিত হলো বিশাল সাম্রাজ্য। সুতরাং, রাজত্ব হাসিলের নয়; প্রাপ্তির। তাই নবীর (দঃ) মক্কী জিন্দেগী ব্যর্থ নয়; ভিত্তি। তাঁর মক্কার নেটওয়ার্কের জ্বাল শুধু আরব বিশ্ব নয়, সমগ্র বিশ্বকে ব্যপৃত করেছে, আজও তা রয়েছে অব্যাহত।

এ পর্যন্ত তিনি ছিলেন মক্কায়, এবার মদীনায় করলেন হিজরাত।

www.eelm.weebly.com

নবী (দঃ) এঁর মাদানী জিন্দেগীর তাবলীগ

আমার নবী মুহাম্মদ (দঃ) ৬২২ খৃষ্টাব্দের ১২ই সেপ্টেম্বার মদীনায় হিজরাত করেন। মক্কার চেয়ে মদীনায় আরো উদ্দম উদ্দ্যোগে তাবলীগের গতিপ্রবাহ অব্যাহত রাখেন। এখন তৌহিদ ও রেসালাতের বীজবপন করতে লাগলেন মদীনার উর্বব গণ-মনমাঠে । তাবলীগের নবুয়তীভার মাথায় নিয়ে অদম্য গতিতে ছুটছেন, ছুটছেন তো ছুটছেনই ---পথে বাধার আগাছা, হাতের অসি দিয়ে কেটে সাফ করে অবিরাম গতিতে ছুটেই চলেছেন। তাবলীগের সাথে চলছে জিহাদও। উভয়ে প্যারালাল। মাদানী জীবনে তিনি ৪ শ্রেণীর অভিযান চালিয়েছেন। প্রত্যেক শ্রেণীর গুঢ় উদ্দেশ্য কলেমার সমুন্নত করণ ঃ

১। কেবল তাবলীগী অভিযান । যেমন ঃ হামাদানে হযরাত আলী (রাঃ)

২। কেবল যুদ্ধাভিযান। যেমন, তাবুক

৩। তাবলীগীচ্ছু মনে অনভিপ্রেত যুদ্ধ। যেমন, বীরে মাউন ও রাজী।

৪। যে মনে দাওয়াত, সে মনে যুদ্ধ। যথা, ওদ্দান।

হিজরাতের ১ম বছরেই গজওয়ায়ে আবওয়া, বাওয়াত ও উসায়রা অভিযান যথাক্রমে ৬০, ২০০ ও প্রায় ২০০ সাহাবার সমভিবাহারে জিহাদে রওনা দেন, কিন্তু যুদ্ধ হয়নি।[১০৩] যুদ্ধহীন জিহাদ। যে সমস্ত জিহাদে তিনি স্বয়ং নেতৃত্ব দিয়েছেন তার সংখ্যা বুখারীর[১০৪] মতে ১৯ মতান্তরে ২১/২৪/২৭ টার মধ্যে যুদ্ধ হয়েছে ৯টায়।[১০৫] আর এ তালিকায় নবীর স্ব-হস্ত নির্গত তাবলীগ জামায়াতের সংখ্যা ১২৪টা (প্রায়)। -এ সংখ্যা, অসংখ্যের শো-কেস্ স্বরুপ। আর শো-কেস্ আসলেরই অনুরুপ নয় কি? নীচে স্বয়ং নবীর মাদানী জিন্দেগীর স্বহস্তে প্রেরিত তাবলীগ জামায়াতের প্রমাণ স্বরুপ কয়েকটা পেশ করা হচ্ছে ঃ

১। হযরাত আবুযর গিফারী রাঃ (জিম্মাদার) ঃ

হযরাত আসয়াদ (রাঃ) তাঁর আকাবার মুসয়াবসহ ১২ জন সাথী ও হযরাত মুসয়াব (রাঃ) সহ মোট তের জন একত্রে মক্কার দাওয়াতী তরংগে তরংগায়িত করেন গোটা মদীনাকে। এরই ফলশ্রুতিতে প্রায় অর্ধেক মদীনাবাসী আগেই ইসলাম কবুল করে।[১০৬] আর বাকী অর্ধেক মদীনায় নবীর উপস্থিতির পরে হযরাত আবুযর গিফারীর দাওয়াত ক্রমে নবীর কাছে এসে কবুল করে ।[১০৭]

২। হযরাত আমর বিন মুরবাহ রাঃ (আমীর) ঃ

আল্লাহর রাসুল (দঃ) তাঁদের ৫ জনকে আরবের পশ্চিম উপকূলীয় অঞ্চল জুহায়না গোত্রে তথা মিশরে তাবলীগের দায়িত্ব দিয়ে প্রেরণ করেন। ২১ জনকে ঈমানে অনুপ্রাণিত করে আনেন।[১০৮]

www.eelm.weebly.com

৩। হযরাত নুমান বিন মুকাররীন রাঃ (আমীর) ঃ

ইনিও অনুরুপ দায়িত্বে মিশরের হাজার হাজার খৃষ্টানকে মুসলমান করেন। ৫ম হিঃ, রজব/৬২৫ খৃষ্টাব্দ, ডিসেম্বর ৪০০ জনের এক বিরাট জামায়াত উসূল করে মদীনায় নবীজীর সমীপে হাজির করেন।[১০৯]

৪। হযরাত যামাদ বিন সালাবাহ রাঃ (জিম্মাদার) ঃ

তিনি তাঁর অব্যাহত মেহনাত-মোজাহাদায় ১০ম হিঃ/৬৩১ খৃঃ জানুয়ারীতে মুযায়নার ৮০% মানুষকে ঈমানের রসাস্বাদন করায়ে কৃতার্থ হন।[১১০]

৫। জাতীয় কবি তুফায়ল বিন আমর রাঃ

২ জনের জামায়াত। ৭ম হিঃ, ৬২৮ খৃঃ, ৭০/৮০ জনকে নবীর হাতে নগদ অর্পণ করেন। উল্লেখিত জামায়াত সমূহ পশ্চিম আরবে প্রেরিত হয়েছিল।[১১১]

৬। হযরাত আল আলা ইবনুল হাজবামী রাঃ (আমীর) ঃ

-এ জামাত পারস্য ভুক্ত বাহরাইন রাজ্যে তাবলীগের জন্যেই প্রেরিত হয়। শাসক মুনজির ও অন্যান্য ১৫০ জন নগদ আনতে সক্ষম হন।[১১২]

৭। হযরাত আমর ইবনুল আস আস-সাহমী রাঃ (আমীর)

৮ম হিজরী, রমজান ৬৩০ খৃঃ আবু যায়দল সহ ইয়ামানে প্রেরিত হন।[১১৩]

৮। হযরত খালিদ ইবনে ওয়ালিদ রাঃ (আমীর) ঃ

৩০০ জনের বিরাট জামায়াত সহকারে। যাজীমাহ (৮ম হিঃ/ ৬৩০ খৃঃ, জানুয়ারী) ও বনু হারিসাহ গোত্র, ইয়ামানে শুধু তাবলীগের জন্যেই নির্দেশিত হন। কয়েক হাজারকে উদ্বোধিত করতে ও উসূল করতে সক্ষম হন।[১১৪]

৯। হযরাত খালিদ ও আলী রাঃ (আমীর) ঃ

উভয়ের আমীরত্বে ইয়ামানে সালের জামায়াত প্রায় অব্যাহত থাকে। হযরত আলী রাঃ (৮ জনের জামাত) এ সফর সমাপ্তি করেন বিদায় হজ্জের পরে।[১১৫] খালিদ রঃ ৪০০ জনের বিরাট জামায়াত নিয়ে ৬৩১ খ্রিষ্টাব্দের জুন থেকে ডিসেম্বর পর্যন্ত ৬ মাসের জামায়াতে বের হন। আর আলী রঃ ৮জনকে নিয়ে ডিসেম্বর থেকে এপ্রিল পর্যন্ত ৪ মাস ও তদূর্দ্ধ সময় সফর করেন। সমাপ্ত হয় বিদায় হজ্জের পরে।

রোখঃ ইয়ামানের 'নাজরান থেকে হামাদান।

www.eelm.weebly.com

১০। হযরত মুহাম্মাদুর রাসূলুল্লাহ (দঃ)

স্বয়ং আলফুর থেকে বাহরাইন এ সুদীর্ঘ পথ কুরআনের তাবলীগ করতে করতে এগিয়ে চলেন। ইবনে সায়াদ বলেন- এ জামায়াত ছিল ৬০ দিনের। স্বয়ং রাসূল (দঃ) ছিলেন আমীর।[১১৬]

রাসূল (দঃ) মাদানী জীবনে বিভিন্ন সময় ও সংখ্যার অসংখ্য সাহাবার জামায়াত গঠন করে আরব উপদ্বীপের নিকটবর্তী ও দূরবর্তী সকল এলাকায় প্রেরণ করতেন।[১১৭]

কর আদায়ে নিয়োজিত ব্যক্তি, আঞ্চলিক আমীর ও রাষ্ট্রদূত, প্রাদেশিক গভর্ণর ও গভর্ণর- জেনারেলগণকেও লিখিত ও মৌখিক দায়িত্ব দিতেন তাবলীগ ও তালিমের।[১১৮]

নিজ এলাকায় প্রাত্যহিক ও সাপ্তাহিক দাওয়াতে তাবলীগের (৫) কাজ করতে বাধ্য থাকতেন। পার্শ্ববর্তী এলাকায় করতেন দ্বিতীয় গাশ্তের ফিকির। তাবারী রঃ লিখেছেন হযরাত মায়াজ বিন জাবাল রাঃ সমগ্র দক্ষিণ এলাকার গভর্ণর জেনারেল হওয়া সত্ত্বেও অপর বিভাগে যেয়ে গাশ্ত করতেন। নবী (দঃ) এদের সবাইকে মুবাল্লিগ হিসেবে নিয়োগ করেছিলেন বলে পৃথিবী প্রসিদ্ধ সূত্র-গ্রন্থ উসদ জানাচ্ছে।[১১৯]

মদীনার বিশাল সাম্রাজ্য তাঁর পরিকল্পিত নয় বরং হিজরাত ও নুসরাতের সঙ্গম-প্রসূত সন্তান।

-এ ভাবে তাঁর মাদানী জিন্দেগীর সূচনা থেকে সমাপ্তি পর্যন্ত অসংখ্য মানুষকে একক ভাবে, জামায়াত বদ্ধভাবে ও পত্র-মারফত আরবের বিভিন্ন অঞ্চলে প্রেরণ করে থাকতেন (উসদুল গাবা ও ফতূহুল বুলদানে তাঁদের নাম পাবেন)।

অতঃপর, তাঁর ইন্তেকালের পর এ তাবলীগ-তরংগ আরব সাগরেই সীমিত থাকেনি বরং সমগ্র বিশ্বের জনসমুদ্রে করে বিস্তার। এ্যামেরিকা, রাশিয়া, ইউরোপ, আফ্রিকা ও এশিয়ার সর্বত্র ছড়িয়ে পড়ে। কলম্বাসের বহু পূর্বেই তাঁরা এ্যামেরিকা আবিষ্কার করেন। তারো পূর্বে সেনাপতি মুসা সমগ্র উত্তর আফ্রিকায় ইসলামের বিজয় পতাকা উড্ডীন করেন। এ জামায়াত তুর্কীস্তানেরও করে ত্বরান্বয়ন। অপর দিকে ইউরোপে জিয়াদের ছেলে তারিক সেনাপতি রডারিককে পরাজিত করে স্পেন বিজিত হন। তারও পূর্বে ও পারস্য বিজয়ের পরে পাক-ভারত উপমহাদেশের দিকে ২৩হিঃ, ৪২-৪৩ খ্রিষ্টাব্দের দিকে হযরাত ওমর রাঃ করেন নয়ন উম্মীলন।

উপমহাদেশে ওমরী জামায়াত ঃ[১২০] (সিংহাসনারোহনঃ১৩ হিঃ / ৬৩৪খৃঃ)

হযরাত ওমর ফারুকের (রাঃ) নিযুক্ত বাহরাইনের যুবরাজ সাহাবী হযরাত উসমান বিন আবুল আস আস্-সাক্বাফী (রাঃ) তাঁর অনুজ হযরাত হাকাম ও মুগীরার নেতৃত্বে ৬৪৫/৪৬ খৃঃ সিন্দু প্রদেশে ২টো জামায়াত প্রেরণ করেন। তাঁদের নাম ঃ

১। হযরাত হাকাম বিন আবুল আস আস্ -সাক্বাফী রাঃ (আমীর)

www.eelm.weebly.com

২। হযরাত আব্দুল্লাহ ইবনে আবুল ওতমান রাঃ

৩। হযরাত আশইয়াম বিন আমর আত্তমীমী রাঃ

৪। হযরাত সূহাইল ইবনে আদী (রাঃ)

৫। হযরাত সূহাব ইবনে আল আরদী রাঃ।

রোখ ঃ বুরুচ-সিন্ধু-ভারত।

আমীর ঃ হযরাত হাকাম বিন আবুল আস্ আস-সাক্বাফী (রাঃ)।

অপর জামায়াত হযরাত মুগীরা বিন আবুল আস্ আস-সাক্বাফীর আমীরত্বে ৪৬/৪৭ খৃঃ সিন্ধুর, 'দায়বাল' শহরে প্রেরিত হয়।

--- এ জামায়াতদ্বয়ই উপমহাদেশে প্রথম তাবলীগী বীজ বপন, বসতি স্থাপন ও মসজিদ মাদ্রাসার স্থাপত্য স্থাপনকারী হিসেবে পৃথিবীর ইতিহাসে প্রসিদ্ধি পেয়েছে।

ওসমানী অভিযান।[১২১] ২৩হিঃ/ ৬৪৪ খৃঃ

হযরাত ওসমান রাঃ এঁর নির্দেশে মাকরান-শাসনকর্তা ওবায়দুল্লাহ বিন মা'মার তামিমী সিন্ধু অভিযানে সিন্ধু নদ পর্যন্ত ইসলামী রাষ্ট্রের অন্তর্ভূক্ত করেন।

হায়দারী জামায়াত।[১২২] ৩৫হিঃ/ ৬৫৬ খৃঃ

হযরাত আলীর অনুমোদন ক্রমে হারিস বিন মুররাহর (রাঃ) জামায়াত ৩৯ হিজরী থেকে ৪২ হিজরী/৬৬০-৬৬৩ খৃঃ পর্যন্ত সিন্ধুস্থ দ্বীনের তাবলীগ ক'রতে ক'রতে আকোস্যাৎ আক্রমনে শাহাদাত বরণ করেন।

এ ভাবে দাওয়াতী গতি অব্যাহত থাকে ও সমগ্র সিন্ধু প্রদেশ আবিস্কৃত হয়। অতঃপর সুলতান মাহমুদ ১০০০ সন থেকে ২৭ বছরে ১৭ বার ভারত- অভিযান চালায়। শিহাবউদ্দীন মোহাম্মদ ঘোরী ১১৭৩ খৃঃ ও ৯২ খৃঃ পাঞ্জাব থেকে এ বাংলাদেশ পর্যন্ত একে একে করতে থাকেন অধিকার ও ইসলাম বিস্তার।[১২৪]

মুয়াবিয়ার রাঃ অভিযান ঃ[১২৩] ৪১হিঃ/ ৬৬১ খৃঃ

হযরাত মুয়াবিয়া রাঃ কর্তৃক আবদুল্লাহ বিন সারওয়ার আবদী ও সিনান ইবনে সালামাহ্ হুজায়লীর নেতৃত্বে দুই জামায়াত পাঞ্জাবে নির্দেশিত হন। তাঁরা সেখানে তাবলীগের দাওয়াত দিয়ে দিয়ে ইসলাম প্রতিষ্ঠিত ও ক্ষেত্র প্রস্তুত করতে থাকেন। অতঃপর তাবেয়ী মুহাম্মদ বিন আবু সুকরাহর সেনাপতিত্বে দুটো জাহাজ যোগে ১২ হাজার সৈন্যের এক ডিভিসান পাঠায়ে পাঞ্জাবের লাহোরে ও বান্নায় ইসলাম প্রতিষ্ঠিত ক'রে প্রত্যাবর্তন করেন।

www.eelm.weebly.com

তাঁরই যুগে ইরাকের গভর্ণর যিয়াদের নির্দেশে সিনান বিন সালামাহর নেতৃত্বে আর এক জামায়াত প্রেরিত হয়। দাওয়াতে তাবলীগের কাজে হিজরাত ক'রে ৫৩ হিজরীতে সিন্ধুর বেলুচিস্তানে তিরোহিত হন।

চীনোভিযান ঃ ১২৪

ওমরী যুগেই আরো এক জামাত আরব থেকে সিন্ধু আববাহিকা হয়ে চট্টগ্রাম বন্দর সফর ক'রে চীনের 'কোয়াংটায়' পৌছান। সেখানে কোয়াংটা বন্দরে 'কোয়াংটা মসজিদ' নির্মাণ করেন। তাবলীগ ক'রতে ক'রতে সেখানেই ঘটে জীবনাবসান। সাহাবা আবী অক্কাসের রওজা মোবারক সেখানেই রয়েছে। তাঁদের মসজিদ ও মাজার আজও তার নীরব সাক্ষ্য বহন করে চলেছে।

পাকিস্তান ও রাশার মাজারও সমসাক্ষ্য দিয়ে যাচ্ছে। বাংলাদেশের প্রত্নতাত্ত্বিকদের আবিস্কার সেই একই সাক্ষী পেশ ক'চ্ছে।

রংপুরের মসজিদ, লোটা, তাছবীহ্, তাঁদের মাথার খুলীও সাহাবা নাম খোদিত ভূগর্ভস্থ দেয়ালে সেই দাওয়াতেরই প্রতিচ্ছবি ফুটে উঠছে।[১২৫]

বাংলাদেশের সেই দাওয়াতে তাবলীগের প্রথম জামায়াত হচ্ছেঃ[১২৬]

ক) হযরত আবি ওক্কাস রাঃ

খ) হযরত কাস ইবনে হুজরাফা রাঃ

গ) হযরত ওর্ওয়াহ রাঃ

ঘ) হযরত আবুল কায়স ইবনুল হারেসাহ্ রাঃ

বাংলাদেশের ভূ-খন্ডে প্রথম তাবলীগ জামায়াত এটাই। হযরত আবি ওক্কাস রাঃ আমীর ছিলেন। ৬১৭ খ্রীঃ আবিসিনিয়া থেকে বের হন ও ৬২৫ খ্রীঃ/ ৩য় হিজরীতে চীনে পৌছান।

ভারতের মাদ্রাজ প্রদেশের কেরালা রাজ্যের রাজাকে দাওয়াত দিয়ে উসূল করে মক্কায় নবীজীর কাছে পাঠায়ে দেন। সেখানে বেশ কিছু দিন থেকে দ্বীন শিখে দেশে ফেরেন। আর রাজত্ব গ্রহণ করেননি। আজীবন দ্বীনের মেহনাত করতে থাকেন এই জামায়াতই চট্টগ্রাম বন্দরে অবস্থান করেন ও দ্বীনের মেহনাত করতে করতে মেঘনার তীর পর্যন্ত পৌছে যান, তারপর চীনে রওনা দেন।

নীচে রাসূল (দঃ) কর্তৃক মক্কী, মাদানী ও মক্কা-পরবর্তী জীবনে প্রেরিত তাবলীগ জামায়াতের একটা সংক্ষিপ্ত তালিকা উপস্থাপিত হচ্ছে। গতির কারণে তারিখের বিভিন্নতা পরিলক্ষিত হতে পারে, মূল সূত্র-গ্রন্থেও যার প্রথণ গোচরীভূত হতে যাচ্ছে। সুতরাং, সুহৃদয় পাঠকের সঠিক তাত্ত্বিক সংশোধনী-সংযোগ সমাদৃতি পাবে ইনআল্লাহ্।

www.eelm.weebly.com

হযরাত মুহাম্মদ (দঃ) কর্তৃক মাক্কী জিন্দেগীতে প্রেরিত তাবলীগ জামায়াতের তালিকা ঃ

ক্রঃ নং	তাবলীগ জামায়াতের আমীরের নাম	রোখ/ গন্তব্য স্থান	সন হিজরী/ খ্রীষ্টাব্দ	মা'মুরের সংখ্যা ও নাম	সূত্র- গ্রন্থের নাম	তাশকীলের সংখ্যা ও গোত্রের নাম	সফর - কাল
১।	মুহাম্মাদুর রাসূলুল্লাহ (দঃ)	মক্কা	৬১০ খ্রীষ্টাব্দ থেকে প্রথম তাবলীগ শুরু হয়। ৬১০-১৩ খ্রীঃ পর্যন্ত সংগোপনে	একাই, সাথে আল্লাহ	ক. তারীখুর রুসূল ওয়াল মুলুক দারুল মায়ারিফ, কায়রো - ১৯৬১ খণ্ড ২, - পৃঃ ৩০৯-১৬ খ. আত তাবাক্বাতুল কুবরা, বৈরুত-১৯৫৭, খণ্ড ১, পৃঃ ১৬ গ. Muhammad and the Rise of Islam. P.- 84.	<u>নূন্যতম ৪ জন</u> ক. হযরাত খাদিজা (রাঃ) খ.হযরাত আবু বকর (রাঃ) গ.হযরাত যায়দ বিন হারিসাহ (রা.) ঘ. হযরাত আলী (রাঃ)	*
২।	হযরাত আবু বকর (রাঃ)	মক্কা	৬১০ খ্রীষ্টাব্দ	একাই, সাথে আল্লাহ্	ক. তাবারী খ. খণ্ড ১, পৃঃ ১৯৭ গ. তাবারী ঘ. খণ্ড ২, পৃঃ ৩১৭	<u>১০ জন</u> ক. হযরাত উসমান (রাঃ) খ. হযরাত তালহা (রাঃ) গ. হযরাত জুবাইর (রাঃ) ঘ. হযরাত সায়াদ (রাঃ)	

www.eelm.weebly.com

contents

					ঙ. হযরাত ওসমান বিন মাযউন (রাঃ) চ. হযরাত উবায়দা (রাঃ) ছ. হযরাত আব্দুর রহমান বিন আওফ (রাঃ) জ. আবূ সালাম (রাঃ) ঝ. হযরাত আরকাম (রাঃ) ঞ. হযরাত হামযাহ্ (রাঃ)	৩ দিন
৩।	আমাদের নবী মুহাম্মাদুর রাসূলুল্লাহ (দঃ)	ওকাজ ও মুযান্নার বাজার	জানুয়ারী, ৬১২ খ্রীষ্টাব্দ	হযরাত আব্বাস (রাঃ) রাহবর	ক. হায়াতুস সাহাবাহ খণ্ড ১ম (বাংলা) পৃঃ ১২২ খ. ইবনে ইসহাক পৃঃ ১৯৪-৯৭ গ. তাবারী, খণ্ড ২, পৃঃ ৩৩৫ ও ৪৩	উম্মুল ফাদালুবাবা আব্বাসের স্ত্রী	*

www.eelm.weebly.com

হযরাত মুহাম্মদ (দঃ) কর্তৃক মাক্কী জিন্দেগীতে প্রেরিত তাবলীগ জামায়াতের তালিকা ঃ

ক্রঃ নং	তাবলীগ জামায়াতের আমীরের নাম	রোখ/ গন্তব্য স্থান	সন হিজরী/ খ্রীষ্টাব্দ	মা'মুরের সংখ্যা ও নাম	সূত্র- গ্রন্থের নাম	তাশকীলের সংখ্যা ও গোত্রের নাম	সফর - কাল
৪।	হযরাত মুহাম্মাদ রাসূলুল্লাহ (দঃ)	মক্কার ওকাজ - মেলা	৬১৩ খ্রীষ্টাব্দ	হযরাত আবু বকর (রাঃ), রাহবর	ক. তাবারী, খন্ড-২, পৃঃ ৩৩৫, ৪৩-৪৬ খ. হায়াতুস সাহাবা (রাঃ) খন্ড ১ পৃঃ ১১১ গ. ইবনে ইসহাক পৃঃ ১৯৪-৯৭	৩জন ক. হযরাত গেতরিফ (রাঃ) খ. হযরাত গতফান (রাঃ) গ. হযরাত ওরওয়া (রাঃ) কীন্দা গোত্র, ইয়ামানী	৭ / ৮ ঘন্টা
৫।	হযরাত মুহাম্মদ (দঃ)	মক্কার মিনা (বিভিন্ন গোত্র)	৬১৩ খ্রীষ্টাব্দ	৩ জন খ. হযরাত আবু বকর গ. হযরাত আলী (রাঃ) হুমা	ক. তাবারী খন্ড ১, পৃঃ ১৯৭ খ. তাবারী খন্ড ২, পৃঃ ৩১৭	০ শায়বান ইবনু সালাফা বংশ	৭ / ৮ ঘন্টা
৬।	হযরাত মুহাম্মদ (দঃ)	মক্কার মিনা (বিভিন্ন গোত্র)	৬১৪ খ্রীষ্টাব্দ	৩ জন খ. হযরাত আবু বকর গ. হযরাত আলী (রাঃ) হুম	তাবারী খন্ড ১ - পৃঃ ২১৯	*	৮ /১০ ঘন্টা

www.eelm.weebly.com

contents

৭।	হযরাত মুহাম্মদ (দঃ)	সাফা পাহাড়ে	ঐ	২ জন হযরাত আলী (রাঃহুমা)	ক. বুখারী, পৃঃ ৭০২ খ. তাবারী, খন্ড -২ পৃঃ ৩১৮-২২-২৯ গ. ইবনে ইসহাক পৃঃ ১১১-১৬	স্ব বংশ কুরাইশ	৭ / ৮ ঘন্টা
